

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০১৫ শিক্ষাবর্ষ থেকে
ষষ্ঠ শ্রেণির পাঠ্যপুস্তকজনপে নির্ধারিত

গার্হস্থ্য বিজ্ঞান ষষ্ঠ শ্রেণি

রচনা

অফিসের ইস্যাত ক্লিনিক
সোনিয়া বেগম
গাজী হোস্তেন আরা
শামসুন নাহার হীতি
সৈয়দা সালিহা সালিহীন সুলতানা
রেহনা ইয়াছিম

সম্পাদনা

অফিসের লায়লা আরজুমান্দ বানু
অফিসের সৈয়দা নাসরীন বানু

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত]

প্রথম প্রকাশ : সেপ্টেম্বর ২০১২

পুনর্মুদ্রণ : জুন, ২০১৬

পাঠ্যপুস্তক প্রণয়নে সমাপ্ত্যক
শাহান আরা ছদ্ম
সৈয়দা মেহেরুন নেছ কবীর

প্রচ্ছদ

সুদর্শন বাছার
সুজাউল আবেদীন

চিত্রাক্ষন

ইউনুফ আলী খান হীরা
হাসানুল কবীর সোহাগ

ডিজাইন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

কম্পিউটার কম্পোজ

বর্ণস কালার স্ক্যান

সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণ :

প্রসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় জীবনের সর্বতোমুখী উন্নয়নের পূর্বশর্ত । আর স্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেদা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজন সুশিক্ষিত জনগতি । ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনার দেশ গভীর জন্য শিক্ষার্থীর অঙ্গনিহিত মেধা ও সম্মানের পরিপূর্ণ বিকাশে সাহায্য করা মাধ্যমিক শিক্ষার অন্যতম লক্ষ্য । এছাড়া প্রাথমিক শ্রেণির শিক্ষার মৌলিক জ্ঞান ও দক্ষতা সম্প্রসারিত ও সুসংহত করার যাধুমে উচ্চতর শিক্ষার মোটা করে তোলাও এ শ্রেণির শিক্ষার উচ্চণ্ঠা । জানার্জিনের এই প্রক্রিয়ার ভিত্তি দিয়ে শিক্ষার্থীকে অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত পটভূমির প্রেক্ষিতে দক্ষ ও যোগ্য নাগরিক করে তোলাও মাধ্যমিক শিক্ষার অন্যতম বিদ্যোৎ বিষয় ।

জাতীয় শিক্ষার্থী-২০১০ এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে পরিমার্জিত হয়েছে মাধ্যমিক শ্রেণির শিক্ষাক্রম । পরিমার্জিত এই শিক্ষাক্রমে জাতীয় আদর্শ, লক্ষ্য, উচ্চণ্ঠা ও সমকালীন চাহিদার প্রতিফলন ঘটানো হয়েছে, সেই সাথে শিক্ষার্থীদের বয়স, মেধা ও ছাইত ক্ষমতা অন্যান্য শিখনক্ষম নির্মাণের কারণ হয়েছে । এছাড়া শিক্ষার্থীর নেতৃত্বিক ও মানবিক মূল্যবোধের দ্বারে শক্ত করে ইতিহাস ও ঐতিহ্য চেতনা, মহান মুক্তিযুদ্ধের চেতনা, শির্ষ-সাহিত্য-সংস্কৃতিবোধ, দেশগ্রেহণবোধ, প্রকৃতি-চেতনা এবং ধর্ম-বৰ্ষ-গোপন ও নারী-পুরুষ নির্বিশেষ স্বাভাব প্রতি সহযোগিতাবোধে জড়ত্ব করা চেষ্টা করা হয়েছে । একটি বিজ্ঞানমন্ত্রণার জাতীয় গঠনের জন্য জীবনের প্রতিটি ক্ষেত্রে বিজ্ঞানের ব্যবহৃত প্রযোগ ও ডিজিটাল বাংলাদেশের বৃপ্তকর্ত-২০২১ এর লক্ষ্য বাস্তবায়নে শিক্ষার্থীদের সক্ষম করে তোলার চেষ্টা করা হয়েছে ।

নতুন এই শিক্ষাক্রমের আলোকে প্রধীন হয়েছে মাধ্যমিক শ্রেণির প্রায় সকল পাঠ্যপুস্তক । উক্ত পাঠ্যপুস্তক প্রয়োজনে শিক্ষার্থীদের সহার্থা, প্রবৃত্তি ও পূর্ব অভিজ্ঞতাকে উক্ত শ্রেণির সঙ্গে বিচেন্ন করা হয়েছে । পাঠ্যপুস্তকগুলোর বিষয় নির্বাচন ও উপজ্ঞাপত্রের ফেরে শিক্ষার্থীর সভানৰ্থীল প্রতিভাব বিকাশ সাধনের দিকে বিশেষভাবে ভর্তৃ দেওয়া হয়েছে । প্রতিটি অধ্যায়ের উক্ত শিখনক্ষম যুক্ত করে শিক্ষার্থীর আনন্দের ইঙ্গিত প্রদান করা হয়েছে এবং বিচিত্র কাজ, সূজনশীল প্রয়োগ ও অন্যান্য প্রয়োজন করে মূল্যবোধের সূজনশীল করা হয়েছে । এই শিক্ষা শিক্ষার্থীকে গান্ধীজি বিজ্ঞানের চারটি ক্ষেত্র অর্থাৎ গৃহ ও পুরুষবাহনা ও শিখ বিকাল ও পরিবারিক সম্পর্ক, খাদ্য ও পুষ্টি এবং বস্ত্র ও পরিজন সম্পর্কিত ধরণের ধারণা ও দক্ষতা অর্জনে সহায়তা করে ।

গার্হণ্য বিজ্ঞান একটি জীবন্মুখী ও কর্মসূচী শিক্ষা । এই বিষয়ের জন্য ও অভিজ্ঞতা শিক্ষার্থীদের সীমিত সম্পদ ব্যবহার করে অভিট লক্ষে পোজাতে, গৃহ ও গৃহের বাইরে বিভিন্ন অনাক্ষেপিত ঘটনা মোকাবেদা করতে এবং গৃহপরিবেশে উত্তীর্ণিত বিভিন্ন সহস্য উন্নয়নের জন্য দক্ষ ও বৈশিষ্ট্য করে তোলে । এইসব বিষয় বিবেচনা করে এবং সর্বোপরি সহস্যের চাহিদাকে সামনে রেখে সুচিতিভাবে পাঠ্যপুস্তকটি প্রয়োজন করা হয়েছে । বালানোর ক্ষেত্রে অনুসৃত হয়েছে বাংলা একাডেমী কর্তৃক প্রণীত বানানরীতি ।

একবিশ শাস্তকের অধিকার ও প্রত্যায়ে সামনে রেখে পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকটি রচিত হয়েছে । শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া এবং এর বিভিন্ন পাঠ্যপুস্তক রচিত হয় । সম্প্রতি মৌলিক মূল্যবোধ ও ট্রাই আউট কার্যক্রমের মাধ্যমে সংশোধন ও পরিবর্তন করে বইটিকে উন্নিত করা হয়েছে- যার প্রতিফলন বইটির বর্তমান সংকরণে পাওয়া যাবে ।

পাঠ্যপুস্তকটি রচনা, সম্পাদনা, চিত্রাঙ্কন, নমুনা প্রক্রান্তি প্রয়োজন ও প্রকাশনার কাজে যারা আন্তরিকভাবে মেধা ও শ্রম লিয়েছেন তাদের ধন্যবাদ জ্ঞাপন করছি । পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের আনন্দিত পাঠ ও প্রত্যাশিত দক্ষতা অর্জন নিশ্চিত করবে বলে আশা করি ।

প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ ।

সূচিপত্র

বিভাগ ও অধ্যায়ের শিরোনাম

অধ্যায়	ক বিভাগ— গৃহ ও ব্যবহাগনা (১-২২)	পৃষ্ঠা নম্বর
গ্রহ	গৃহ ও গৃহ পরিবেশের প্রাথরিক ধারণা	২
বিত্তীয়	গৃহের পরিষ্কার পরিজ্ঞান	১১
তৃতীয়	গৃহ ব্যবহাগনা	১৬
	খ বিভাগ— শিত বিকাশ ও পারিবারিক সম্পর্ক (২৩-৫৯)	
চতুর্থ	পরিবার ও শিত	২৪
পঞ্চম	ছোটদের শিষ্টাচার শিক্ষা	৩৪
ষষ্ঠি	কৈশোরকালীন বিকাশ	৪৫
সপ্তম	কৈশোরকালীন পরিবর্তন ও নিজের নিরাগনা রক্ষা	৫৫
	গ বিভাগ— খাদ্য ও খাদ্য ব্যবহাগনা (৬০-৯৮)	
আইম	খাদ্য, পুষ্টি ও বাহ্য	৬১
সর্বম	খাদ্যের পুষ্টিমূল্য	৭১
দশম	খাদ্য চাহিদা	৮২
একাদশ	খাদ্যাভ্যাস গঠন	৯১
	ঝ বিভাগ— বাছ ও পরিজ্ঞান (১০৯-১৩২)	
ঘাস	বাছ ও পরিজ্ঞানের প্রাথরিক ধারণা	১০০
তাঙ্গাদশ	বয়নক্ষেত্রের ধারণা	১০৭
চতুর্দশ	পোশাকের যত্ন ও সংরক্ষণ	১১৬
পঞ্চদশ	সেলাইয়ের সরঙ্গাম ও বিভিন্ন ধরনের যোঁড়	১২২

ক বিভাগ

গৃহ ও গৃহ ব্যবস্থাপনা

গৃহ মানুদের জীবনের প্রথম পরিবেশ। একটি শিশুকে সৃষ্টি নাগরিক হিসেবে গড়ে তৃলতে এই পরিবেশকে গৃহ ব্যবস্থাপনার মাধ্যমে উন্নত করা যায়। এখানে আমরা নানাবিধ কাজ করি। কাজের ছানাতলো শনাক্ত করে, কোথায় কী কাজ করব তা জানা ধাকলে কাজ সহজ হয়। গৃহের ডিতর ও বাইরের পরিবেশ পরিকার পরিচ্ছন্ন রাখা আমাদের সকলের উচ্চতপূর্ণ দাইত্য। গৃহকে পরিকার ও পরিপাটি রাখতে হলে জিনিসপত্র যথায়নে সংরক্ষণ করতে হয়। সঠিক সিদ্ধান্ত নিয়ে পরিকল্পনার মাধ্যমে কাজ করলে প্রতিটি কাজেই সফলতা আসে।



এই বিভাগ শেষে আমরা-

- গৃহ ও গৃহ পরিবেশের ধারণা ব্যাখ্যা করতে পারব।
- গৃহের কাজের ছান শনাক্ত করতে পারব।
- ব্যবহারের পর জিনিসপত্র নির্দিষ্ট হালে সংরক্ষণ করতে শিখব।
- গৃহ পরিবেশে গাছ লাগানোর উচ্চত ব্যাখ্যা করতে পারব।
- গৃহ ও গৃহ পরিবেশ পরিকার রাখার ধারণা ব্যাখ্যা করতে পারব।
- গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত এহদের উচ্চত মূল্যায়ন করতে পারব।
- গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত এহদের উচ্চত ব্যাখ্যা করতে পারব।

প্রথম অধ্যায়

গৃহ ও গৃহ পরিবেশের প্রাথমিক ধারণা

পাঠ ১- গৃহ ও গৃহ পরিবেশ

গৃহ - তোমার নিকটাই তনেছ যে, আদিম যুগের মানুষ আমাদের মতো গৃহে বাস করত না। হিন্দু বনা প্রাণীর আকরণ এবং বড়, বৃষ্টি, শীত-ভাপ ইত্যাদির ক্ষেত্র থেকে নিজেদের রক্ষা করার জন্য তারা তখন একটা আশ্রয়স্থল খুঁজে নিত। এই আশ্রয়স্থলগুলো ছিল বন জঙ্গল, বড় গাছ, পাহাড়ের শৃঙ্খল ইত্যাদি।

পরবর্তীতে মানুষ ধীরে ধীরে খন্দ চাষাবাদ শিখল, তখন তারা একত্রিত হয়ে পরিবার গঠন করল। পরিবারের সদস্যদের বসবাসের জন্য তারা গৃহের প্রয়োজন অনুভব করল এবং গৃহ নির্মাণ করাতে শিখল। এভাবে গৃহের সূচনা হলো।

আমরা বলতে পারি, গৃহ এমন একটা স্থান যেখানে আমরা পরিবারবন্ধ হয়ে বাস করি। গৃহ আমাদের মৌলিক চাহিদাগুলো মধ্যে অন্যতম। আমরা আমাদের বিভিন্ন রকম চাহিদা পূরণের জন্য সারাদিন নানারকম কাজে ব্যৱ থাকি। কাজের শেষে বিশ্রাম ও আরামের জন্য আমরা গৃহে ফিরে আসি। ফলে আমাদের সব ক্রান্তি দূর হয়ে যায়। গৃহে আমাদের খাদ্য, বস্ত্র ও পোশাক পরিচ্ছদ, শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা, বিমোচন, বিভিন্ন শর্শ ইত্যাদি চাহিদা পূরণ হয়। এখানে সবার প্রতি সবার শুক্ত, ভালোবাসা ও সহযোগিতা থাকার ফলে পারিবারিক বন্ধনটাও মজবুত হয়।

গৃহ পরিবেশ- প্রতিটি মানব শিশুর জীবনের প্রথম পরিবেশ হলো গৃহ। আশেপাশের সবকিছু নিয়ে গৃহ পরিবেশের সৃষ্টি হয়। গৃহের ভিতরে ও বাইরের সব অংশ নিয়েই গড়ে গড়ে গৃহ পরিবেশ। পরিবারের সদস্যদের সুখ, শান্তি এবং শারীরিক ও মানসিক সুস্থিতা নির্ভর করে গৃহ পরিবেশের উপর।


গৃহ পরিবেশের মধ্যে ধাক্কে-

- বিভিন্ন ঘর বা কক্ষ
- বারান্দা
- আভিনা ইত্যাদি।

পরিবারের সদস্যদের সবকক্ষ বিকাশের জন্য সুব্দর একটি গৃহ পরিবেশ দরকার। আমরা সবাই শিশুকাল থেকে বৃক্ষ বাস পর্যবেক্ষণ এই পরিবেশেই বসবাস করি, তাই বাকি জীবনে গৃহ পরিবেশের প্রভাব অনেক। এখান থেকেই আমাদের বিভিন্ন অভ্যাস, কৃচিবোধ, দায়িত্ব ও কর্তব্যবোধ গড়ে গড়ে। গৃহ পরিবেশের মধ্যে অবহান করে আমরা বিভিন্ন রকম কাজে অংশগ্রহণ করে থাকি। ফলে আমাদের দায়িত্ব ও কর্তব্যবোধ গড়ে গড়ে। আম তাই গৃহ পরিবেশটাও ইত্যাদি দরকার পরিচ্ছদ, স্বাস্থ্য-সম্বত এবং সুশৃঙ্খল। তাহলেই গৃহের মানুষগুলো সুস্থ ও সুশৃঙ্খল হয়ে গড়ে উঠবে যা আদর্শ জাতি গঠনে সহায়ক হবে। গৃহের সব পরিবেশ পরিচাক-পরিচ্ছদ ও দুর্মণ মুক্ত রাখা দরকার। সেজন্য গৃহে যে সব ব্যবহাৰ থাকতে হবে-

- সুর্বৈর আলো প্রবেশ ও বাতাস চলাচলের ব্যবস্থা থাকা।
- বিতর্ক খাবার পানির সরবরাহ নিশ্চিত করা।

- গৃহের ভিতরে ও বাইরে নিয়মিত পরিষ্কার রাখা।
- ময়লা পানি ও মলমুত্তা নিষ্কাশনের ভালো ব্যবস্থা রাখা।
- গৃহে সৃষ্টি হোয়া নির্গমনের ব্যবস্থা ধাকা।
- গৃহের আঙিনায় জায়গা ধাককে সেখানে ছেট বড় গাছ এবং প্রয়োজনে টবে বিভিন্ন গাছ লাগানো।



পরিচ্ছন্ন ও গোছালো গৃহ পরিবেশ

অপরিচ্ছন্ন ও অগোছালো গৃহ পরিবেশ

শহর ও প্রান্মে গৃহের ধরন আলাদা হয়। শহরে পাকা বাড়ি তৈরি হয় ইট, বালু, সিমেন্ট, বড় ইত্যাদি দিয়ে। আর আমে সাধারণত কাঁচা বাড়ি দেখা যায়। যেভলো টিন, কাঠ, ধীশ, মাটি ইত্যাদি দিয়ে তৈরি।

কাজ ১- গৃহের পরিবেশ রক্ষায় তুমি কী করতে পার, তার একটা তালিকা তৈরি কর।

কাজ ২- আমের একটি গৃহ ও শহরের একটি গৃহের তুলনা কর।

পাঠ ২- গৃহের অভ্যন্তরীণ স্থানের বিন্যাস

আমরা ইতোমধ্যে জেনেছি যে, আমাদের গৃহে বিভিন্ন রকম স্থান আছে। গৃহে প্রবেশ করার দরজা থেকে শুরু করে বারান্দা, বিভিন্ন ঘর, বাগান, গাড়ি বারান্দা ইত্যাদি সবই গৃহের অন্তর্ভুক্ত বিভিন্ন স্থান। গৃহে বিভিন্ন ধরনের কাজ করা হয়। এক এক ধরনের কাজ এক এক জায়গায় করা হয়ে থাকে। গৃহের বিভিন্ন কক্ষ বা স্থানের বিন্যাস এই কাজের ওপর ভিত্তি করেই গড়ে উঠে। যেমন- রাত্তা, বাওয়া দাওয়া, গোসল, পড়ালেখা, সাফাসজ্জা, বিশ্রাম, ঘুমানো, অতিথি আপ্যায়ন ইত্যাদি। এই কাজগুলো প্রত্যেকটাই আলাদা ধরনের। ফলে এই কাজের ছান্টগুলোও বিভিন্ন রকম হয়ে থাকে।

গৃহের কাজের উপর ভিত্তি করে গৃহের অভ্যন্তরীণ স্থানকে মোটামুটি তিন ভাগে ভাগ করা হয়। যথা-

১। আনুষ্ঠানিক স্থান

২। অনানুষ্ঠানিক স্থান

৩। কাজের স্থান

আনুষ্ঠানিক হাল- আনুষ্ঠানিক হাল বলতে বোায়া যেখানে আনুষ্ঠানিক কাজগুলো সম্পন্ন করা হয়। এখানে আমরা বিভিন্ন আনুষ্ঠানিকতা রক্ষ করি। আমাদের গৃহে কোনো অতিথি, বহু বাস্তব এলে আমরা আনুষ্ঠানিক হালগুলোতে তাদের অভ্যর্থনা জানাই, আপ্যায়ন করি। কখনও কখনও তাদের ধাকার ব্যবস্থা করে থাকি।

এই হালগুলোর মধ্যে আছে-

- বসার ঘর বা ড্রেইং রুম
- খাওয়ার ঘর
- অতিথি ঘর
- গাড়ি বারান্দা
- সিঁড়ি ইত্যাদি।



একটি আনুষ্ঠানিক হাল

অনানুষ্ঠানিক হাল- অনানুষ্ঠানিক হাল বলতে বোায়া সাধারণত আমরা যে হালগুলোতে ব্যক্তিগত বা একান্ত নিজের কাজগুলো করে থাকি। এখানে আমরা বিশ্বাম নেই, ঘুমাই, পড়াশোনা করি, সাজসজ্জা করি ইত্যাদি। এই হালগুলোতে তঙ্গুমাত্র পরিবারের সদস্যরাই তাদের বিভিন্ন কাজ সম্পন্ন করে থাকে। তাই এখানে কিছুটা গোপনীয়তা রক্ত করা হয়। অনানুষ্ঠানিক হালগুলোর মধ্যে পড়ে -

- শোবার ঘর
- পড়ার ঘর
- সাজসজ্জার ঘর ইত্যাদি।




একটি অনানুষ্ঠানিক হাল

কাজের হাল- এই হালে প্রতিদিন গৃহের বিভিন্ন ধরনের কাজ করা হয়ে থাকে। যেমন- রান্না করা, বিভিন্ন রকম পরিকার-পরিচ্ছন্নতাৰ কাজ, বিভিন্ন দ্রব্য ব্যায়হৰ্তাৰে সহৃদয় করা ইত্যাদি।

রান্নার কাজের মধ্যে খাবার রান্নার জন্য প্রস্তুতি অৰ্ধাংকোটা, বাছা, ধোওয়া, মসলা বাটা ইত্যাদি থেকে শুরু করে রান্না কৰা সহই থাকে। তাছাড়া খাবার পরিবেশন কৰাৰ জন্য বাসনপত্ৰ, গ্লাস, জগ, চামচ, ছুরি, কংটি চামচ, টেবিল ম্যাট ইত্যাদি যথাযথতাৰে রাখাৰ কাজগুলো হয়ে থাকে।

পরিষ্কার-পরিচ্ছন্নতার মধ্যে পড়ে কাপড়-চোপড় ধোরো, ইঞ্জি করা, ঘর মোছা বা লেপা, সিলিং, দরজা-জানালার ত্রিল ও কাঁচ, বাথরুম, ট্যুলেট, ঘরের অভিন্ন ইত্যাদি পরিষ্কার করা। কাজের হালন্ডলো হলো-

- রান্না ঘর
- বাথরুম ও ট্যুলেট
- তাঁড়ার ঘর বা চাল, ভাল শস্য ইত্যাদি সরক্ষণের হাল
- কাপড়, তৈজসপাতি বা বাসন পেয়ালা ধোরোর হাল
- কেটা-বাচার হাল



একটি কাজের হাল

কাজ ১- তোমার বাড়িতে তোমার বস্তু পরিবারসহ বেড়াতে এলে তাকে কোথায় কীভাবে অভার্ডন করবে?

কাজ ২- বাড়ির অনামুষিক হালন্ডলো তিউনিত করে সেখানে কী কী কাজ করা হয় সেৱে।

পাঠ ৩- প্রয়োজনীয় জিনিস যথাহানে সংরক্ষণ

শাহেদ প্রতিদিন ঘূম থেকে উঠে নিজের বিছানা পোছায়। সুল থেকে বাসায় ফিরে এসে সুলের ব্যাগ, বই, খাতা, জামা-প্যাট, জুতা-মোজা ইত্যাদি নির্দিষ্ট জায়গায় রাখে। প্রতিদিন পড়ালেখা শেষ করে বই, খাতা, পেপ্পারি, কলম সব উচ্চিয়ে রাখে। বিকেলে খেলা শেষে খেলার সামগ্রীগুলো ঠিক জায়গায় রাখে। ফলে প্রয়োজনের সময় দে সর্বিক্ষিণ হাতের কাছে পায়। প্রাতাকাটা তিনিসের ব্যবহার ও সরক্ষণের জন্য নির্দিষ্ট জায়গা থাকে। তাই পরিবারের স্বাক্ষরে ব্যবহারের পর সেগুলো যথাহানে উচ্চিয়ে রাখার অভ্যাস করতে হবে। জিনিসগুলি যথাহানে যত্থ সহকারে রাখালে সেগুলো টেকসই হয়। গৃহের পরিবেশ থাকে পরিচ্ছন্ন ও পরিপন্থ। প্রয়োজনের সময় সেগুলো সহজেই হাতের কাছে পাওয়া যায়। ফলে সৌজানুজিতে অহ্যা সহয় ও শক্তি অপচয় হয় না। এছাড়া জিনিসগুলি ছড়িয়ে থাকলে গৃহের সৌন্দর্য নষ্ট হয় ও বিভিন্ন রকম দুর্ঘটনা ঘটারও আশঙ্কা থাকে।

গৃহের বিভিন্ন রকম কাজের সুবিধার জন্য আমরা অনেক রকম সাজসরঞ্জাম ও উপকরণ ব্যবহার করে থাকি। যেমন-

রান্না ও খাবার পরিবেশনের সরঞ্জাম- ইঞ্জি, কড়াই, শুরি, চামচ, বিটি, ছুরি, প্রেসার কুকার, ক্রেভার, ওভেন, চুলা ইত্যাদি। এর মধ্যে বেঙ্গলো প্রতিদিন ব্যবহার হয়, সেগুলো রান্না ঘরের তাকে হাতের কাছে রাখা ভালো। আর বেঙ্গলো প্রতিদিন ব্যবহার হয় না, সেগুলো কেবিনেট বা উপরের দিকে রাখা হয়। খাবার পরিবেশনের জন্য প্রেট, প্লাস, জগ, চামচ, কাটাচামচ, ট্রে ইত্যাদি খাবার ঘরে তাকে সাজিয়ে রাখতে পারি।

সেলাইয়ের সরঞ্জাম- এর মধ্যে প্রধান হলো সেলাই মেশিন যা আমরা ঘরের যেকোনো একটা কোনায় রেখে থাকি। সূচ, কঁচি, ফিতা, বোতাম, সূতা, ইত্যাদি উল্লিখিত অন্যান্য উপকরণ গুলো একটা বালে করে মেশিনের কাছে রাখি।

বাগান করার সরঞ্জাম- কাঁবারি, পানির পাইপ, শাবল, কোদাল, দা, কঁচি ইত্যাদি। এগুলো ব্যবহারের পর ভালোভাবে পরিষ্কার করে একটা কোণে নির্দিষ্ট তাকে অথবা স্টেটার রুমেও রাখা যায়।

লঞ্চির সরঞ্জাম- বালতি, মণ, ওয়াশিং মেশিন ইত্যাদি। এগুলো বাথ রুমে রাখা যায়। ইঞ্জিন ইঞ্জিন বোর্ডের সাথে রাখা যায়।

পরিষ্কার পরিচ্ছন্নতার সরঞ্জাম- বাঢ়ু, ঝুলবাঢ়ু, ঘরমোহার সাময়ী, ভ্যাকুয়াম ফ্রিনার ইত্যাদি। এগুলো আমরা স্টেটার রুমের একটা কোনায় রাখতে পারি।

পোশাক- পরিচ্ছন্ন- দৈনন্দিন ব্যবহারের পোশাক- পরিচ্ছন্নগুলো আমরা আলনা বা ওয়ার্ক্রোবে রাখি। উৎসবে পোরার পোশাক বা মৌসুমি পোশাকগুলো আমরা আলমারিতে বা বাস্তে রাখি। এছাড়া জুতা, স্যাঙ্গেল, মোজা ইত্যাদি নির্দিষ্ট জ্যায়গায় রাখার অভ্যাস করা উচিত। এগুলো রাখার জন্য আলনার নিচের তাক বা জুতার তাক ব্যবহার করতে পারি।

পড়ালেখার উপকরণ- পড়ালেখার উপকরণগুলো যেমন বই, খাতা, কলম ইত্যাদি পড়ার টেবিলের কাছে কোনো তাকে উচিতে রাখি। তাক না থাকলে টেবিলের উপরেও সেগুলো উচিতে রাখতে পারি।



প্রসাধন সাময়ী- সাজসজ্জার জন্য আমরা বিভিন্ন প্রসাধন সাময়ী ব্যবহার করি। যেমন- সাবান, শ্যাম্পু, টিকিনি, হেন-পার্টিডার, কোড ত্রিম, লিপসিক, পারফিউম, শেভিং ত্রাশ, রেজার ইত্যাদি। এগুলো ড্রেসিং টেবিল বা ড্রেসিং রুমের কোনো নির্দিষ্ট জ্যায়গালো সুবিধা হয়।

প্রাথমিক চিকিৎসার উপকরণ- তুলা, ব্যাডেজ, ডেটল, গরম বা বরফ পানির ব্যাগ, পিপরিট, বার্নল, ব্যথা কমার ওযুথ, আ্যাসিসেপটিক পার্টিডার বা মলম ইত্যাদি। এগুলো আমরা একটা নির্দিষ্ট বালে রাখি, যাকে বলে 'প্রাথমিক চিকিৎসা বার্ত'। এটা একটু উচু হাতে রাখতে হয়। তবে তা যেন সবাই দেখতে ও জানতে পারে।

বিবিধ- বিবিধ জিনিসের মধ্যে আছে- পুরনো ঘরবরের কাগজ, ম্যাগাজিন, খেলনা সাময়ী ইত্যাদি। এ জিনিসগুলো যাতে ছড়িয়ে ছিটিয়ে না থাকে সে জন্যে কোনো বালের ভিতরে রেখে দিতে পারি। যাতে ঘরের সৌন্দর্য নষ্ট না হয়।

কাজ- ১ প্রতিদিন তুমি যে সব জিনিস ব্যবহার কর, সেগুলো কোথায় রাখ- তার একটা তালিকা কর।

কাজ- ২ তোমার বাসার প্রাথমিক চিকিৎসার বালে কী কী ধোকা দরকার সেগুলো লিখ।

পাঠ ৪- গৃহ পরিবেশ রক্ষা ও সৌন্দর্য বর্ধনে গাছ

সুমির তার বাবার সহযোগী বাড়ির ছেটি প্রাসাদে শাক সবজি ও ফলের বাগান করেছে। আর বারান্দায় টবে ফুলের গাছ লাগিয়েছে। প্রতিদিন সে গাছগুলোতে পানি দেয়, আগুছা পরিষ্কার করে। নিজ হাতে শাক সবজি, ফল তুলে আনে। টাটকা শাক সবজি, ফল দেয়ে এদের পরিবারের সবার স্বাস্থ্য তালো ও মন শ্রদ্ধুর থাকে।

সুমির যতো আমরাও গৃহ ও গৃহের পরিবেশ উন্নত করার জন্য বিভিন্ন রকম গাছ লাগাতে পারি। শহরে আমরা ফ্ল্যাট বাড়ির বারান্দা ও ছাদে টবে বিভিন্ন রকম গাছ লাগাতে পারি। গাছ থেকে আমরা অনেক উপকার পাই। যেমন-

- গাছ আমদের অঙ্গীজেন জোগায়, যা আমরা খাস গহনের মাধ্যমে নিয়ে থাকি।
- শাকসবজি ও ফল গাছ পরিবারের সদস্যদের পুষ্টি জোগায়।
- ফুল গাছ গৃহের সোনা বাড়ায়।
- বড় গাছ বাড়িতে ছায়া দেয়, পরিবেশকে আরামদায়ক করে।

অনেক বাড়িতে খেলা প্রাক্কণ থাকে। সে জায়গাগুলোকে পরিষ্কার করে বাড়ির সামনের অংশে ফুলের বাগান ও পিছনের অংশে সবজি, ফলের বাগান করা যায়।

টবে ও গৃহের আঙিনায় গাছ লাগানো ও পরিচর্যা

টবে বা আঙিনায় দুইভাবে গাছ লাগানো যায়-

- বীজ পুঁতে
- চারা গাছ লাগিয়ে।

আঙিনায় গাছ লাগানোর অন্য পথয়ে জায়গাটাকে প্রস্তুত করে নিতে হয়। আঙিনা হলে আগুছা পরিষ্কার করে, কোদাল নিয়ে ঝুঁপিয়ে মাটি আলগা ও সমতল করে নিতে হবে। মাটির উর্বরতার অন্য মাটিতে গোবর বা জৈব সার মেশাতে হয়। এর পর বীজ বা চারা রোপণ করতে হয়। আঙিনায় ছেটি, বড় সব গাছই লাগানো যায়। এখানে আম, কাঁচাল, নারিকেল, সুপারি, পেঁয়াজ ইত্যাদি গাছ লাগাতে পারি। তাছাড়া বিভিন্ন মৌসুমি শাক সবজির চাষও করা যায়।



আঙিনা না থাকলে ছেট বড় টবে বিডিল্লি সবজি, কলম করা গাছ, বিডিল্লি মৌসুমি ফুল সাগানো যায়। এই ফেরে টবের মাঝে ছিন্দি বরাবর একটি মাটির চাড়া ঝাখতে হবে। তার উপর ইটের খোয়া ও শকনা পাতা রেখে সারমুক মাটি এমনভাবে ভরতে হবে যাতে টবের উপর দিকে ২ ইঞ্চি পরিমাণ খালি থাকে।

বীজ থেকে চারা গজালে নিয়মিত গাছে পানি দিতে হবে। পানি নিষ্কাশনের ব্যবস্থাও থাকা দরকার। মাঝে মাঝে চারার গোড়ার মাটি নিষ্কাশনের সাহায্যে আলগা করে দিতে হবে। এতে মাটিতে সূর্বৈর আলো, বাতাস প্রবেশ করতে পারে এবং মাটির রস ধারণ করতা থাঢ়ে।



টবে লাতানো গাছ

গাছের পোড়ার কোনো আগ্রহ হলে, তা সাথে সাথে তুলে ফেলতে হবে। কারণ আগ্রহ গাছের বৃদ্ধি কমিয়ে দেয়। অনেক সময় গাছে পোকা মাকড়ের উপন্থ দেখা যায়। একেতে প্রয়োজনবোধে কীটনাশক ওয়ুথ ব্যবহার করা যেতে পারে।

সুতরাং তোমরা নিষ্কাশি বুবাতে পেরেছ যে ভালো গাছের জন্য প্রয়োজন-

- * সতেজ চারা বা পুষ্ট বীজ
- * সরমুক ভালো মাটি
- * আলো, বাতাস, পানি
- * নিয়মিত পরিচর্যা



গৃহের আঙিনার একটি সুন্দর বাগান

কাজ ১— টবে একটা ফল গাছ সাধানোর পদ্ধতি বর্ণনা কর।

কাজ ২— গাছের নিয়মিত পরিচর্যা বলতে তুমি কী কী করলো যান কর।

অনুশীলনী

বহুনির্বাচনি প্রশ্ন

১. নিচের কোনটি আনুষ্ঠানিক স্থান?
- | | | | |
|----|------------|----|--------------|
| ক. | খোওয়ার ঘর | খ. | শোবার ঘর |
| গ. | পড়ার ঘর | ঘ. | সাজসজ্জার ঘর |

২. আদিম মানুষের পরিবার গঠনের কারণ -
- আশ্রয়স্থলের নিরাপত্তা
 - একত্রে চাষাবাদের সুবিধা
 - পারম্পরিক সহযোগিতা পাওয়া

নিচের কোনটি সঠিক?

- | | | | |
|----|---------|----|-------------|
| ক. | i ও ii | খ. | ii ও iii |
| গ. | i ও iii | ঘ. | i, ii ও iii |

নিচের অনুচ্ছেদটি পড় এবং ঢ. ও নং ৪ নং প্রশ্নের উত্তর দাও

অনিতা নামকরা নাসীরি থেকে একটি মরিচের চারা কিনে আনল। তারপর মাটি ভর্তি টবে রোগণ করে তার পড়ার ঘরে রাখল। সেই সাথে মরিচ গাছের রোগবালাই দমনে কী ধরনের কীটনাশক ব্যবহার করতে হয় তাও জানল। অনিতা গাছে নিয়মিত পানি দিত। তারপরও গাছটির যথাযথ বৃক্ষ হলো না এবং মরিচও ধরল না।

৩. গাছটি বৃক্ষ না পাওয়ার কারণ কী?
- | | | | |
|----|--------------------------|----|---------------------------|
| ক. | উপর্যুক্ত কীটনাশকের অভাব | খ. | পর্যাঙ্ক আলো বাতাসের অভাব |
| গ. | অপূর্ণ চারা রোগণ | ঘ. | টবে চারা লাগানো |
৪. অনিতার গাছের যথাযথ বৃক্ষের জন্য নরকার-
- পর্যাঙ্ক সার ব্যবহার করা
 - টবটি বারান্দায় নিয়ে রাখা
 - পানির পরিমাণ বাড়িয়ে দেওয়া

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii

খ. ii ও iii

গ. i ও iii

ঘ. i, ii ও iii

সৃজনশীল প্রশ্ন

১. গাইয়ানের মাকে কিছিদিন পর পর গাইয়ানের জন্য আতা, পেপিল, রাবার, খেলার বল কিনে দিতে হয়। একদিন খেলার মাঠ থেকে ফিরে গাইয়ান তার ব্যাটি বল জুতা ছড়িয়ে ছিটিয়ে রাখলে তাতে হোচ্চট খেতে তার হোট বেন রূপার কপাল কেটে যায়।


ক. শিশুর জীবনের প্রথম পরিবেশ কোনটি?

খ. প্রাথমিক চিকিৎসা বলতে কী বুঝায়?


গ. গাইয়ানের কোন অভ্যাসের জন্য রূপা ব্যাথা পেল? ব্যাখ্যা কর।

ঘ. গাইয়ানের এ ধরনের অভ্যাস আমাদের সৈন্যদিন জীবনে কী প্রভাব ফেলে? বুঝিয়ে লিখ।

২.



১নং চিত্র



২নং চিত্র

ক. মাটির উর্দ্ধরতা বৃক্ষের জন্য কী করতে হয়?

খ. গৃহের অনানুষ্ঠানিক ছান বলতে কী বুঝায়?

গ. ২নং চিত্রের গৃহ পরিবেশটি কেমন? ব্যাখ্যা কর।

ঘ. ১নং চিত্রের গৃহ পরিবেশটি পরিবারের সদস্যদের ‘সুস্থ’ বিকাশের জন্য প্রধান অন্তরায়। বুঝিয়ে লিখ।

বিতীয় অধ্যায়

গৃহের পরিষ্কার-পরিচ্ছন্নতা

পাঠ ১- গৃহের অভ্যন্তরীণ স্থানের পরিচ্ছন্নতা

আমরা সবাই সুখে শান্তিতে বসবাস করতে চাই। এর জন্য দরকার একটা স্বাস্থ্যসম্মত গৃহ। যেখানে বাস করলে আমাদের শরীর ও মন ভালো থাকবে। এই গৃহের পরিবেশকে সুন্দর, আকর্ষণীয় ও স্বাস্থ্যকর করে তুলতে হলো এর ভিতরের ও বাইরের পরিষ্কার-পরিচ্ছন্নতার দিকে লক্ষ রাখতে হবে। পরিষ্কার-পরিচ্ছন্ন একটি গৃহ আমাদের দিতে পারে আরাম ও সুস্থিতা। আমাদের গৃহের প্রতিটি জায়গায় এবং এর আনাচে-কানাচে পরিষ্কার রাখতে হয়। পরিষ্কার-পরিচ্ছন্ন গৃহ পরিবেশে মশা-মাছি পোকামাকড়ের উপদ্রব থাকে না, ফলে রোগজীবাণু সহজে ছড়াতে পারে না। দৃষ্টিগুরু পরিবেশে বাস করতে পারলে আমাদের শরীর ও মন ভালো থাকবে।

অভ্যন্তরীণ স্থানের পরিষ্কার-পরিচ্ছন্নতা : গৃহের অভ্যন্তরে আমরা বেশি সময় থাকি, নামারকম কাজ করি, বিশ্রাম নেই। সেজন্যে এর সব জায়গাগুলো নিয়মিত পরিষ্কার করে স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখা দরকার।

অভ্যন্তরীণ স্থান যেসব পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ হচ্ছে-

- ঘরের মেঝে কাঢ়ু দেওয়া, মোছা বা লেপা।
- দরজা, জানালার ট্রিল, কাঁচ পরিষ্কার করা।
- দেয়াল, সিলিং, বৈদ্যুতিক পার্কা পরিষ্কার করা।
- কাগড়-চোপড় খোওয়া।
- সিঙ্ক, বেসিন, কলতলা পরিষ্কার করা।
- অস্বাস্থ্যক কাঢ়া, মোছা, রং করা।
- বাতিল ও অধর্মোজনীয় তিনিস সরিয়ে ফেলা।
- বাথরুম, ট্যালেট পরিষ্কার করা।
- বাড়িতে রং এবং মেরামত করা ইত্যাদি।



পরিষ্কার-পরিচ্ছন্নতার পরিবারের
সদস্যদের অংশগ্রহণ

কিছু কিছু পরিষ্কার করার কাজ প্রতিদিন করতে হয়। আবার কিছু কিছু কাজ সঞ্চাহে, মাসে বা বছরে একবার করলেও হয়। অন্যান্য কাজের মতো গৃহ পরিষ্কার করার কাজগুলোরও একটা পরিকল্পনা করে নিতে হয়।

অভ্যন্তরীণ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজগুলোকে তিন ভাগে ভাগ করে নেওয়া যায়।

- (১) দৈনিক পরিষ্কার-পরিচ্ছন্নতা : প্রতিদিন সব ঘর, বারান্দা খাড়ু দেওয়া ও মোছা বা মাটির ঘর লেপা, আসবাবপত্রের উপরিভাগ মোছা, বিছানা গোছানো, বই, খাতা গোছানো, রান্নাঘর ও অন্যান্য ঘরের দৈনিনিক ব্যবহারের জিনিসপত্র পরিষ্কার করে উহিয়ে রাখা, প্রতিদিনের ব্যবহার করা কাপড় ধোওয়া। এছাড়া কলতলা, বেসিন, সিঙ্গ, পোসলখানা, পায়খানা প্রতিদিন পরিষ্কার করতে হয়। প্রতিদিনের ময়লা, আবর্জনা সরিয়ে ফেলা ও দৈনিক পরিচ্ছন্নতার কাজ।
- (২) সাংস্কৃতিক পরিষ্কার-পরিচ্ছন্নতা : দেওয়াল ও সিলিং এর ঝুল ঝাড়া, দরজা-জানালার ছিল, কাঁচ ঝাড়া ও মোছা, বৈদ্যুতিক পাথা পরিষ্কার করা, বিছানার চাদর, বালিশের কভার ধোওয়া, রান্নাঘরের তাক পরিষ্কার করা, কার্টেট থাকলে তা ঝাড়া ও রোদে দেওয়া। ফ্রিজ থাকলে তার ডিতর ও বাইরে পরিষ্কার করা ইত্যাদি সাংস্কৃতিক পরিচ্ছন্নতার মধ্যে পড়ে।
- (৩) বাস্তুরিক পরিষ্কার-পরিচ্ছন্নতা : আসবাবপত্র রং করা, বড় বড় আসবাবপত্র সরিয়ে মোবে পরিষ্কার করা, বাঢ়ি মেরামত ও চুলকাম করা, বাস্তু বা আলমারিতে তোলা কাপড়, কাঁধা, লেপ, তোশক, কম্বল রোদে দেওয়া। এছাড়া কাঁচের বা কার্টের আলমারি বা বাজে তোলা কাঁচের প্রেট, গ্লাস ইত্যাদি ধোওয়া ও মোছা বাষ্পসরিক পরিচ্ছন্নতার মধ্যে পড়ে।

যেহেতু পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজগুলো অনেক ধরনের এবং যথেষ্ট কষ্টকর। তাই বাড়ির ছোট বড় সব সদস্যদের বাসে, শক্তি, দক্ষতা, অনুসারে কাজগুলো ভাগ করে নিতে হবে। ছোটরা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে অংশগ্রহণ করে এ ব্যাপারে সচেতন ও যত্নশীল হয়ে গড়ে উঠবে। তারা শৃঙ্খ পরিবেশ সবচেয়ে সচেতন হবে এবং দায়িত্ব নিতে শিখবে।

শৃঙ্খ পরিষ্কার করার সামগ্রী :

ঝুল ও শলার ঝাড়ু, প্লাস্টিকের বালতি, মগ, মাটির পামলা, ত্রাশ, ঝুলবাড়ু, মই, নারিকেলের ছোবড়া বা নাইলনের মাজুনী, নরম সূতি কাপড় বা তোয়ালে, সাবান, তিম বা ট্রিটি পাউডার, পুরনো খবরের কাপড় ইত্যাদি।



বিভিন্ন রকম পরিষ্কার করার সামগ্রী

কাজ-১ শৃঙ্খের পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য কোন কাজগুলো তুমি কর, তার একটা তালিকা তৈরি কর।
কাজ-২ পরিষ্কার-পরিচ্ছন্নতার কোন কাজের জন্য কী কী সামগ্রী দরকার, তা চার্টের মাধ্যমে দেখাও।

পাঠ ২- বহিরাঙ্গনের পরিকার-পরিচ্ছন্নতা

সুষ্ঠা ও মানসিক তৃঢ়ি বজায় রাখার জন্য গৃহের ভিতরের মতো এর বাইরের স্থানগুলো নিয়মিত পরিকার- পরিচ্ছন্ন রাখতে হবে ।

গৃহের বাইরের পরিবেশকে পরিকার রাখার জন্য যে সব ব্যবস্থা থাকতে হবে-

- অঙ্গিনায় করে পড়া পাতা, ডকনা ডাল ইত্যাদি সরিয়ে ফেলা ।
- গৃহের চারপাশে বোপকাড় না হতে দেওয়া ।
- ঘাস কাটা ও আগাছা পরিকার করা ।
- ছান বা চালা পরিকার রাখা ।
- নালা-নর্মদা পরিকার রাখা ইত্যাদি ।

বহিরাঙ্গণে বড় গাছ থাকলে, বছরে একবার ভালপালা ছেঁটে দিতে হবে । এতে গাছের ভালো বৃক্ষি হয়, বাড়িঘরে সূর্যের আলো প্রবেশ করতে পারে । ঘরের ছান বা চালা সঙ্গাহে একদিন ভালো করে ঝাড়ু দিয়ে পরিকার করতে হবে । ঘরের ছানে ঘেন পানি জমে না থাকে সে দিকেও লক্ষ রাখতে হবে । ছানে পানি জমে ঘরের দেয়াল, সিলিং স্যান্ডস্টেকে হলে তা বাস্ত্রের জন্য ক্ষতিকর হবে । টিনের চালা ফুটো হয়ে গেলে তা মেরামত করতে হবে । প্রয়োজনে নতুন টিন লাগাতে হবে ।

শহরাঞ্চলে নালা-নর্মদার সাহায্যে বাড়ির ময়লা পানি, তরল বর্জ্য পদার্থ বের হয়ে মাটির নিচের বড় পাইপে যেতে পড়ে । নালা-নর্মদার উপরিভাগ খোলা থাকলে নিয়মিত এগুলো পরিকার করতে হবে । বাড়ির আবর্জনা, পলিথিনের ব্যাগ ইত্যাদি নালায় ফেললে পানি চলাচলের পথ বক্ষ হয়ে যেতে পারে । ময়লা পানি উপচে পড়ে পরিবেশকে দূষিত করবে, যা বাস্ত্রের জন্য ক্ষতিকর । এ ব্যাপারে আমাদের সচেতন হতে হবে । সব হাতগুলো ত্রাশ, বাঁশের চট্টা ইত্যাদি দিয়ে আমরা প্রতিদিন নালা-নর্মদার পানি চলাচলের পথ পরিকার রাখব । জীবাণুমুক্ত রাখার জন্য মাঝে মাঝে ফিলাইল, ত্রিটিং পাউডার ছিটিয়ে দিতে হবে ।

বাড়ির আঙিনায় কোথাও ঘেন বৃক্ষির পানি জমে না থাকে, সেজন্যে মাটিতে পানি সরে যাবার নালা তৈরি করে দিতে হবে । জমে থাকা পানিতে এডিস মশি তিম পেড়ে বৎস বিত্তার করে । ফলে তেক্সুজ্জ্বর হবার সম্ভাবনা থাকে ।

অনিক মাঝেই কুলে ঘায় না। প্রায় সারা বছরই দে সর্দি, কাশি, জ্বরে আক্রান্ত থাকে। ফলে তার মন ভালো থাকে না। কোনো কাজেই আনন্দ পায় না। বকুলা একদিন ওর বাড়িতে যেয়ে দেখল, বাড়িটা খুবই সীকাতসীকে ও অক্ষকর। বাড়িটার অঙ্গিনায় বড় বড় গাছের ডালগালা কাটা হয় না বলে সূর্যের আলো, বাতাস সেখানে প্রবেশ করতে পারে না। বাড়ির পরিবেশটা বাস্তুসম্মত না হওয়ায় অনিক অসুস্থ হয়ে পড়ে। আমাদের মনে রাখতে হবে, সুস্থ থাকতে হলে গৃহের ভিতর ও বাইরের সব পরিবেশকে পরিকার-পরিচ্ছন্ন রাখতে হবে।



একটি পরিকার-পরিচ্ছন্ন বহিরাজন

- কাজ-১** গৃহের বাইরের ছান্তলো পরিষ্কার রাখতে সূর্য তোমার পরিবারকে কিন্তবে সাহায্য করতে পার?
- কাজ-২** তোমরা সহশ্রীরা যিলে তোমাদের বিদ্যালয় প্রাঙ্গন পরিকার করবে। কে কী কাজ করবে তার একটা তালিকা তৈরি কর।

अनुशीलनी

বঙ্গনির্বাচনি প্রক্ষে

১. কোনটি সামাজিক পরিষ্কারতাৰ কাজ?
 ক. আসবাবপত্ৰ ত্ৰং কৰা
 গ. ভাঙা ঘৰেৰ তাক পৰিষ্কাৰ কৰা

খ. বায়ে তোলা কাচেৰ জিনিস খোয়া
 ঘ. বই খানা গোছানো

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ নং ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:

শান্তা তার বাড়ির অভিনন্দন 'মাটি' সম্মতল করে ফুল ও সবজি বাগান করল। সে নিয়মিত বাগানের আগাছা পরিষ্কার করে ও বাগানের চারপাশ পরিষ্কার-পরিজ্ঞান রাখে।

২. বাণিজ করার মাধ্যমে শাস্তা পরিচয়ন্তার কোন কাজটি করে?

ক. সাম্ভাব্যিক
গ. বাস্তবিক

৩. বাণিজ করা থেকে শাস্তা যে সুবিধা পেতে পারে তা হলো—

 - বাড়িতি আজের ব্যবস্থা
 - বাড়ির শোভাবর্ধন
 - পাটিগাছ চাইসন পৰণ

ନିଚେର କୋଣଟି ସଠିକ୍?

- | | | | |
|----|----------|----|-------------|
| ক. | i & ii | ৪. | i & iii |
| গ. | ii & iii | ৫. | i, ii & iii |

ਮੁਖਨਾਲੀ ਪ੍ਰਕਾਸ਼

১. বাহ্যিক ভাসনের মাঝখানে সেমিপাকা বাড়িতে শাহানা তার পরিবার নিজে বসবাস করে। তার বাড়ির আঙিনার চারপাশ খোলাখোলা উপচে তরল ময়লা আঙিনার চলে আসে। এতে তার বাড়িতে মশা মাহিন উপন্থ কুব বেড়ে গেছে।

ক. এভিস মশা কেনে রোগ ছড়ায়?

খ. বাষ্পেরিক পরিজ্ঞান বলতে কী মুকায়?

গ. শাহানাৰ বাড়িতে কোন ধৰনেৰ পরিজ্ঞান অভাৱ দয়াছে। ব্যাখ্যা কৰ।

ঘ. শাহানাৰ গহ পরিবেশ সুস্থান্তৰ অস্তৱায়- দৃকিয়ে লিখ।

তৃতীয় অধ্যায়

গৃহ ব্যবস্থাপনা

পাঠ ১- গৃহ ব্যবস্থাপনার ধারণা

তোমরা ইতোমধ্যে গৃহ ও এর পরিবেশ সম্পর্কে জেনেছে। আমরা সবাই চাই আমাদের গৃহটা যেন শান্তিপূর্ণ হয়, সুশ্বল হয়। আমাদের সব আশা, আকাঙ্ক্ষা ইচ্ছা পূরণ এই গৃহই হয়ে থাকে। আর ইচ্ছে বা উদ্দেশ্যগুলো পূরণ করতে হলে বিভিন্ন রকম কাজ করতে হয়। কাজগুলো সঠিকভাবে সম্পন্ন করার জন্য ব্যবস্থাপনা দরকার হয়। তুমি নিচেরই লক্ষ করেছ হে তোমাদের বাড়িতে রোজ অনেক রকম কাজ হয়। কখনো কি দেখে দেখেছ, কাজগুলো—

- কে বা কারা করছে?
- কেন করা হচ্ছে?
- কিভাবে করা হচ্ছে?

এই প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের কর। দেখবে পরিবারের বিভিন্ন সদস্য যৌথভাবে কাজগুলো করছে। তারা তাদের সময়, বৃক্ষ, টাকা-পয়সা শুরু ইত্যাদি সম্পদ ব্যবহার করে কাজগুলো করছে, পরিবারের লক্ষ্য অর্জনের জন্য। প্রতিটি পরিবারের অনেক লক্ষ্য বা উদ্দেশ্য থাকে। লক্ষ্যগুলো অর্জনের জন্য তারা উপর খুঁজে বের করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে থাকে। প্রথমে তারা লক্ষ্য ঠিক করে কাজ করার একটা পরিকল্পনা করে। কিভাবে করবে তা চিন্তা করে। তারপর পরিবারের সদস্যরা মিলে কাজগুলো সম্পন্ন করে। সবশেষে কাজের ভালো-মন ফলাফল যাচাই করে দেখে যে, কাজটাতে সফলতা এলো কি না।

অর্থাৎ আমরা বলতে পারি, পরিবারে লক্ষ্যগুলো অর্জনের জন্য বিভিন্ন সম্পদ ব্যবহারে পরিকল্পনা, সংগঠন, নিয়ন্ত্রণ ও মূল্যায়ন করাকে এক কথায় গৃহ ব্যবস্থাপনা বলে।

গৃহ ব্যবস্থাপনা একটি ধারাবাহিক কর্মসূচি যা করেকটি ধাপে সম্পন্ন হয়। গৃহ ব্যবস্থাপনা গৃহের সব কর্মকাঙ্কসকে সচল রাখে।



পরিকল্পনা-গৃহ ব্যবস্থাপনা পদ্ধতির প্রথম ধাপ পরিকল্পনা করা। যে কোনো কাজ করতে হলে আগে কাজটি কেন করা হবে, কিভাবে করা হবে, কে বা কারা করবে ইত্যাদি সবচেয়ে ভাবনা-চিন্তা করার নামই পরিকল্পনা। পরিকল্পনা করে মিলে কোন কাজ কখন করা হবে তা সহজেই বোকা যায়।

সংগঠন

বিভিন্ন কাজের মধ্যে সহযোগ সাধন করা অর্থাৎ কাজ কর্মী ও সম্পদের মধ্যে সমন্বয় সাধন করাই হলো সংগঠন।

নিরাঙ্গণ

পরিকল্পনা বাস্তবে কাজে পরিণত করার জন্য নিরাঙ্গণের প্রয়োজন। গৃহীত পরিকল্পনাকে বাস্তবে রূপ দেওয়া ও সংগঠনের বিভিন্ন ধারাকে কার্যকর করাই নিরাঙ্গণ।

মূল্যায়ন

গৃহ ব্যবস্থাপনা পদ্ধতির সর্বশেষ ধাপের নাম মূল্যায়ন। কাজের ফলাফল তালো না মন তা যাচাই করাই মূল্যায়ন। কাজটির সফলতা বা ব্যর্থতা, মূল্যায়ন করার ফলেই বোধা যায়। ফলে ভবিষ্যতে কাজটি সহজেই নির্ভুলভাবে করা যায়।

- কাজ-** ১ তোমার পরিবারের একটা লক্ষ্য হচ্ছে তোমাকে শিক্ষিত করা। এ লক্ষ্য অর্জনে তুমি কী কী করাহ ? তাসিকা কর।
- কাজ-** ২ তোমার পরিবারে হে ক'জন সদস্য আছে, তারা একদিনে কে, কী কী কাজ করছে, তা লিপিবদ্ধ কর।

পাঠ ২ - গৃহ ব্যবস্থাপনায় পরিকল্পনার গুরুত্ব

পরিকল্পনার মাধ্যমেই আমরা ঠিক করে নেই, কোন কাজের পর কোনটা করব, কখন, কিভাবে করব ইত্যাদি। পরিকল্পনা করে নিলে কাজ করাটাও সহজ হয়ে যায়। কাজের পরিকল্পনাটা সব সময় বিধিতভাবে করতে হয়, যাতে মনে থাকে।

পরিকল্পিত কাজ : যে কাজ পরিকল্পনার মাধ্যমে করা হয়, তাই পরিকল্পিত কাজ। পরিকল্পনা করে কাজ করলে, তুল ছুটি কর হচ্ছে এবং সময়মতো কাজটা সম্পূর্ণ হচ্ছে।

পরিকল্পিত কাজের সুবিধা-

- সারাদিন কোন কাজের পর কোন কাজ করা হবে তা জানা যায়।
- সব কাজ সময়মতো সম্পূর্ণ করা যায়।

- কোনো বিশৃঙ্খলা দেখা যায় না।
- সময়, শক্তি, টাকা-পরস্পর ইত্যাদি সম্পদের সঠিক ব্যবহার হয়।
- যে কোনো কাজেই সফল হওয়া যায়।

কাজ - ১ সকালে সূলে যাওয়ার জন্য আগের দিন পরিকল্পনা করে তুমি কী কী কাজ কর তার
একটি তালিকা তৈরি কর।

অপরিকল্পিত কাজ : পরিকল্পিত কাজের বিপরীত কথাটাই হলো অপরিকল্পিত কাজ।

কলনা ঘষ্ট শ্রেণির ছাতী। আজ তার অঙ্গ শ্রেণি-পরীক্ষা হলো। গতকাল সূল থেকে বাসায় এসে সে বস্তুর
সাথে ফেনে গল্প করেছে। সক্ষ্যার পর অনেকক্ষণ টেলিভিশন দেখেছে। রাতে খাবার পর শুধু ছবি এঁকেছে।
অযথা সময় নষ্ট করার ফলে পরীক্ষার জন্য সে কোনো রকম গ্রন্থুৎ নিতে পারেনি। ফলে দেখা গেল হে তার
পরীক্ষাটা ভালো হলো না এবং ভালো নবরও পেলো না।

আমাদের জীবনে লক্ষ্য অনেক, তাই অনেক কাজও করতে হয়। সেজন্মাই পরিকল্পনা না থাকলে আমরা সব
কাজ সঠিক সময়ে সম্পন্ন করতে পারব না। অপরিকল্পিত বা অগোছালো কাজ কখনও সফলতা আনে না।

কাজ - ২ অপরিকল্পিত কাজের অসুবিধা গুলো কী কী তালিকা কর

কাজ - ৩ তুমি কী কী কাজ পরিকল্পনা করে কর আর কী কী কাজ পরিকল্পনা ছাড়া কর তার একটি তালিকা কর।

পাঠ ৩- গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণ

যে কোনো কাজ করার অনেকগুলো পছন্দ বা উপায় থাকে। সেগুলোর মধ্যে থেকে সবচেয়ে ভালো উপায়টাকে আমরা যথন গ্রহণ করি সেটাই হচ্ছে সিদ্ধান্ত গ্রহণ। কাজে সঠিক সিদ্ধান্ত নেওয়া খুবই দরকার। এটা কাজ করার আগে প্রথম পদক্ষেপ। সিদ্ধান্ত গ্রহণ সঠিক হলে আমাদের লক্ষ্য অর্জন সহজ হয়। আর যদি সিদ্ধান্তটাই ভুল হতে যায়, তাহলে কখনই লক্ষ্য অর্জন করা যাবে না। সবচেয়ে ও কাজের প্রয়োজনে আমাদের প্রায়ই নতুন নতুন সিদ্ধান্ত গ্রহণ করতে হয়।

রামেশ তার পরিবারের সাথে শীতকালীন ছুটিটে করুন্বাজারে যেতে চাইল। পরিবারের সবাই আলোচনা করে তারা প্রেমের পরিবর্তে চোরাম পর্যন্ত ট্রেন এবং তারপর বাসে করুন্বাজার ঘাওয়ার সিদ্ধান্ত নিল। তারা চিন্তা করে দেখল যে, প্রেমের ঘাওয়াত ভাঙা অনেক বেশী। তাছাড়া ট্রেনে এবং এরপর বাসে গেলে অনেক জায়গা দেখতে পাবে এবং আকৃতিক দৃশ্য ভালোভাবে উপভোগ করতে পারবে। ফলে প্রম্পটা অনেক অনন্দদায়ক হবে।

গৃহ ব্যবস্থাপনার প্রতিটা ধাপেই সঠিক সিদ্ধান্ত নিতে পারলে এবং সেই সিদ্ধান্ত অনুযায়ী কাজ করলে আমরা অবশ্যই সফল হবে। সিদ্ধান্ত দুই রকমের হতে পারে। যথা-

(i) একক সিদ্ধান্ত

(ii) দলীয় সিদ্ধান্ত

একক সিদ্ধান্ত : ছোট সমস্যায় গড়লে বা অবস্থার পরিবর্তনে তুমি নিজেও সমাধানের জন্য কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পার। যাকে বলে একক সিদ্ধান্ত।

দলীয় সিদ্ধান্ত : পরিবারে এমন অনেক সমস্যা দেখা দেয়, যেগুলো কিছুটা জটিল। সেগুলোর ক্ষেত্রে দেখবে তোমার মা বা বাপা, পরিবারের ছেটি-বড় সব সদস্যের সাথে আলোচনা করে কোনো একটা সিদ্ধান্ত নিয়ে থাকেন, যাকে বলে দলীয় সিদ্ধান্ত। দলীয় সিদ্ধান্তে অনেকের হটাহট পাওয়া যায়। ফলে সমস্যা সমাধানের অনেক পথও জানা যায়। সেগুলো থেকে যে কোনো একটা সিদ্ধান্তে পৌছানো যায়।

সিদ্ধান্ত গ্রহণ করার কিছু ধারাবাহিক নির্মল আছে। সেগুলো হচ্ছে-

- প্রথমে সমস্যাটা বুঝতে হবে এবং সে সম্পর্কে পরিকার ধারণা থাকতে হবে।
- সমস্যা সমাধানের জন্য কয়েকটা পছন্দ বা উপায় খুঁজতে হবে।
- পছন্দগুলোর প্রত্যেকটা সম্পর্কে চিন্তা করতে হবে।
- যে উপায় বেশি ভালো মনে হবে অর্থাৎ যে উপায় অবলম্বন করলে সমস্যা সহজেই সমাধান করা যাবে সেটা গ্রহণ করতে হবে।

- বে উপায় বা পছন্দ গহণ করা হলো, সে অনুযায়ী কাজ করতে হবে। অর্ধেক সিক্ষান্তটাকে অবশ্যই কাজে পরিণত করতে হবে। তা না হলে বে সিক্ষান্ত নেওয়া হলো, সেটা কেনে উপকারে আসবে না।



দলীয় সিক্ষান্তে পরিবারের সকলের অংশগ্রহণ

কাজ-১ পরীক্ষার ভালো ফলাফল করার জন্য কৃতি কিভাবে একা সিক্ষান্ত নিতে পারঃ

কাজ-২ বন্ধুরা মিলে দলীয় সিক্ষান্তে কোমার কুলে একটা মূলের বাগান করার পরিকল্পনা করঃ

অনুশীলনী

বহুনির্বাচনি প্রশ্ন

১. কোনটি গৃহব্যবস্থাপনার শেষ ধাপ?

- | | | | |
|----|-----------|----|-----------------|
| ক. | পরিকল্পনা | খ. | নিয়ন্ত্রণ |
| গ. | মূল্যায়ন | ঘ. | সিক্ষান্ত গ্রহণ |

২. পরিকল্পিত কাজের সুবিধা হচ্ছে-

- সময়মতো সব কাজ হয়ে যায়
- যথম যা মনে আসে তা করা যায়
- সহজেই লক্ষ্যে পৌছানো যায়

নিচের কোনটি সঠিক?

- | | | | |
|----|---------|----|-------------|
| ক. | i ও ii | খ. | ii ও iii |
| গ. | i ও iii | ঘ. | i, ii ও iii |

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ নং ও ৪ নং প্রশ্নের উভয় দাও

লায়লা যে কোনো পারিবারিক কাজ করার পর কাজটির সফলতা বা ব্যর্থতা যাচাই করে। তাই সকলেই তার কাজের প্রশংসন করে।

৩. লায়লা ব্যবহারণার কোন ধাপটি অনুসরণ করে?

- | | | | |
|----|-----------|----|-----------------|
| ক. | পরিকল্পনা | খ. | মূল্যায়ন |
| গ. | নির্মাণ | ঘ. | সিদ্ধান্ত গ্রহণ |

৪. পরিকল্পিত কাজের সুবিধা হচ্ছে-

- i. পূর্ব অভিজ্ঞতা কাজে লাগে
- ii. ভুলজটি সংশোধনের সুযোগ
- iii. সহজ হতে কাজ শেষ করা হয়

নিচের কোনটি সঠিক?

- | | | | |
|----|----------|----|-------------|
| ক. | i ও ii | খ. | i ও iii |
| গ. | ii ও iii | ঘ. | i, ii ও iii |

সৃজনশীল প্রক্রিয়া

১. লাভিয়া ও লতিফ একই প্রেমিতে পড়ে। লাভিয়া প্রতিদিন কৃটিন অনুযায়ী বই খাতা নিয়ে সূলে যায়। অপর দিকে লতিফ ত্রাস অনুযায়ী বই আনে না। ফলে লতিফ শিক্ষকের নির্বৰ্ণনা সঠিকভাবে অনুসরণ করতে পারে না।

- | | |
|----|---|
| ক. | গৃহ ব্যবহারণার প্রথম ধাপ কোনটি? |
| খ. | অপরিকল্পিত কাজ বলতে কী বুকায়? |
| গ. | লাভিয়ার ব্যাকারি ব্যবহারণার কোন ধাপের প্রতিফলন লক্ষ করা যায়। ব্যাখ্যা কর। |
| ঘ. | লতিফের ক্ষতাব তার সফলতা লাভের পথে অন্তরায়। মুক্তিয়ে দিব। |

২. দীপাদের কুল থেকে এবাবে শিক্ষা সফরে সুন্দরবনে যাওয়ার সিদ্ধান্ত হচ্ছ। শিক্ষার্থীদের মধ্যে কেউ যেতে চার বাসে কেউবা লঞ্চে। বাসে কারো কারো অনুবিধি কেউবা আবার আরামদায়কভাবে চারপাশের প্রাকৃতিক দৃশ্য দেখতে যেতে চায়। শিক্ষক তাদের সময় ও অর্ধের দিক চিন্তা না করে শিক্ষা সফরটা উপভোগ করার জন্য সিদ্ধান্ত নিতে বললেন। পরবর্তীতে শিক্ষার্থীরা শিক্ষক শিক্ষিকাদের সাথে লক্ষে সুন্দরবন রওনা হলো।
- ক. আমাদের 'সব আশা আকাঙ্ক্ষা' কোথায় পূরণ হচ্ছ?
- খ. পরিকল্পনা বলতে কী বুঝায়?
- গ. শিক্ষার্থীরা কোন ধরনের সিদ্ধান্ত নিল? ব্যাখ্যা কর।
- ঘ. সিদ্ধান্ত গ্রহণের ফেরে দীপা ও তার সহপাঠীরা ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করেছে—
বুঝিয়ে লিখ।

৪ বিভাগ

শিশু বিকাশ ও পারিবারিক সম্পর্ক

শিশুর শিক্ষার প্রথম ছান হলো তার পরিবার। পরিবারের প্রতিটি সদস্য শিশুর সুস্থ বিকাশে উচ্চতপূর্ণ ভূমিকা রাখে। প্রত্যোকটি শিশুই আলাদা। কিন্তু বয়স অনুযায়ী কিন্তু বৈশিষ্ট্য আছে যা সকল শিশুর হয়েই বিবাজ করে। এগুলো জানা ধাকলে পরিবারের একজন হিসেবে শিশুর প্রতি সঠিক আচরণ করা সম্ভব। কিশোর বয়সে বিভিন্ন পরিবর্তন সম্পর্কে ধারণা ও পূর্ব প্রস্তুতি ধাকলে জীবন অনেক সহজ হয়। কৈশোরে সামাজিক পরিবেশে গ্রহণযোগ্য আচরণ করার মধ্য দিয়ে একটি কিশোর বা কিশোরী সকলের ভালোবাসা পেতে পারে। তার জীবন হয়ে গঠন সফল ও আনন্দময়।



এ বিভাগ শেষে আমরা-

- পরিবার, পরিবারের কাজ, পরিবারের প্রকারভেদ বর্ণনা করতে পারব।
- বিভিন্ন বয়সের শিশুর বৈশিষ্ট্য জেনে তাদের সাথে সঠিক আচরণ করতে পারব।
- বয়কদের সাথে শিষ্টাচারপূর্ণ আচরণের কৌশল ও পজুতি প্রদর্শন করতে পারব।
- পরিবারের সদস্য ও শিক্ষকদের সঙ্গে যথাযথ আচরণ করতে পারব।
- ছেট শিশু ও প্রতিবাসীদেরকে তাদের প্রয়োজনের সময় সহজয়তা করতে পারব।
- কৈশোরের শারীরিক, মানসিক, আবেগীয়, সামাজিক ও নৈতিক বিকাশ বর্ণনা করতে পারব।
- কৈশোরের বিভিন্ন আবেগের ক্ষতিকর দিক ও আবেগ নিয়ন্ত্রণের উপায় বর্ণনা করতে পারব।

চতুর্থ অধ্যায়

পরিবার ও শিশু

পাঠ ১- পরিবার ও পরিবারের প্রকারভেদ

আমরা প্রত্যেকেই পরিবারে বসবাস করি। সাধারণত আমাদের পরিবারে থাকে মা-বাবা, ভাই-বোন, দাদা-দাদি, নানা-নানি আরও অনেকে। পরিবারে ভিন্ন ভিন্ন ব্যক্তিগত সমস্য একত্রে বাস করে— যাদের সম্পর্ক গতে ঘটে বিয়ের মাধ্যমে এবং জন্ম সূত্রে। পরিবার হলো সমাজের মূল একক।


পরিবারের সমস্য হিসেবে প্রত্যেকেরই কিছু চাহিদা থাকে। যেমন— খাদ্য, বাসযান, পোশাক ও শিশু ইত্যাদি। এছাড়াও রয়েছে ভালোবাসা, সঙ্গলাভ, নিরাপত্তা ও সহযোগিতার চাহিদা। পরিবারের ছেটি সদস্যদের দরকার হয় উপরূপ যত্ন ও পরিচালনা। সর্বোপরি প্রয়োজন একটি নিরাপদ পরিবেশ। উপরের সবগুলো চাহিদা পৃথিবী পরিবারের গুরুত্বপূর্ণ কাজ।

পারিবারিক বক্তন- বাবা বা মাতার অনুসন্ধিতে আমাদের মন ধারাপ লাগে। ভাই-বোনের মধ্যে কেউ এক জন বেড়াতে গেলে একা একা লাগে। পরিবারের কারণও অসুস্থিতায় আমরা সবাই বিচলিত হয়ে পড়ি। বলতে পার, কেন এমন হয়? কারণ পরিবারের সকল সদস্যের মধ্যে একটি গভীর সম্পর্ক বিবাজ করে। এটাই পারিবারিক বক্তন। এ বক্তন তৈরি হয় বিয়ে, রক্তের সম্পর্ক, মেহ-ভালোবাসা ও একে-অপরের সহযোগিতার মধ্য দিয়ে। পরিবারে একে অপরের প্রতি দায়িত্ব ও কর্তব্য আন্তরিকতার সাথে পালন করা, মেহ-ভালোবাসা ও শুক্ষা-স্থান আদান-প্রদান করা, ভাই-বোন একে অপরকে সঙ্গ দেওয়া, পরম্পর ভালো-মন্দ নানা অভিজ্ঞান ও ভাব বিনিময় করা ইত্যাদির মধ্য দিয়ে পারিবারিক বক্তন দৃঢ় করা যায়।

পরিবারের প্রকারভেদ- পঠন অনুসারে পরিবার দুই ধরনের হয়। ১) একক পরিবার ও ২) মৌখ পরিবার।

১) একক পরিবার- একক পরিবার হলো ছেটি পরিবার। এ ধরনের পরিবারে পৃথক একটি বাসগৃহে ত্বরান্ব মা-বাবা এবং তাদের অবিবাহিত সন্তান-সন্ততি থাকে। বর্তমানে অধিকাংশ পরিবার একক পরিবার।

- ২। মৌখিক পরিবার- মৌখিক পরিবার হলো বড় পরিবার। যেখানে দাদা-দাদি, চাচা-চাচি, মা-বাবা ও সন্তানেরা একসাথে বসবাস করে। এটাই মৌখিক পরিবার। যখন এই ধরনের পরিবারে বক্ষন দৃঢ় থাকে, তখন তারা নানাভাবে একে-অপরের সহযোগিতায় আসতে পারে।
- বর্তমান আমুনিক সমাজে একক পরিবারের সদস্যরা সে সব সমস্যার সম্মুখীন হচ্ছে-
- একক পরিবারের সন্তানেরা তাদের দাদা-দাদি বা পরিবারের বয়ক সদস্যদের সহযোগিতা ছাড়াই বেড়ে উঠে।
 - দাদা-দাদি ও নানি-নানিনি উভয়েই একে অপরের সঙ্গ থেকে বর্জিত হয়।
 - মা-বাবা উভয়েই কর্মজীবী হলে সন্তানদের এছন কেউ দেখাশোনা করে যারা তাদের আকীর নয়।
- অনেক সময় একক পরিবারে বৃক্ষ দাদা-দাদি কিংবা নানা-নানি বা এদের মধ্যে যে কেউ একজন থাকেন। একেজে একক পরিবারটি ও বয়কদের পরামর্শ, সঙ্গ, ভালোবাসা পেয়ে থাকে।



কাজ-১ তোমার পরিবারটি কোন ধরনের পরিবার। এই পরিবারে সদস্যদের সাথে তোমার সম্পর্ক তুলে ধর।

কাজ-২ পরিবারের বক্ষন দৃঢ় করার জন্য তুমি যে কাজগুলো করতে পার তার তালিকা কর।

পাঠ ২- বিভিন্ন বয়সের শিশুর বৈশিষ্ট্য

১৯৮৯ সালে জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদে ১৮ বছরের নিচে সকলকে শিশু বলে গণ্য করা হয়।

এখন প্রায় হাতে পারে- একটি সদ্যোজাত শিশু কিংবা একটি ৫ বছরের শিশুর বৈশিষ্ট্য কি একটি কৰ্মনাই না। তাই শিশুর বিভিন্ন বয়সের বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে শিশুকালকে বিভিন্ন নামকরণ করা হয়েছে।

- জন্ম মুহূর্ত থেকে ২ সপ্তাহ- নবজাতক কাল
- ২ সপ্তাহ থেকে ২ বছর পর্যন্ত- অতি শৈশব
- ২ বছর থেকে ৬ বছর পর্যন্ত- প্রারম্ভিক শৈশব
- ৬ বছর থেকে ১০/১১ বছর পর্যন্ত- যথ্য শৈশব

প্রতিটি শিশুই পরিবারের একজন গুরুত্বপূর্ণ সদস্য। বিভিন্ন বয়সের শিশুর বৈশিষ্ট্য আমাদের জ্ঞান দরকার। কারণ-

- শিশুর সাথে সঠিক আচরণ করতে পারব।
- বিভিন্ন বয়সের শিশুর চাহিদা পূরণ করতে পারব।
- শিশুর বেড়ে ওঠার জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করতে নতুন মা-বাবাকে সচেতন করতে পারব।
- যে কোনো ধরনের অস্থানবিকভাব সহজেমতো ডিকিলসা করতে পারব।
- যত ভাই-বোন হিসেবে তাকে বন্ধু ও সঙ্গ নিচে পারব।

নবজাতক কাল- যে সব শিশু জন্মের সময় লালচে বা গোলাপি বর্ণের হয়, জন্ম মুহূর্তে কাঁদে, শ্বাসাদিকভাবে দুধ খেতে পারে, তারাই সুস্থ নবজাতক। নবজাতক সিনে প্রায় ১৮-২০ ঘন্টা দুমায়। দু-তিন ঘন্টা পর পর জেগে ওঠে, আহার করে, মল-মূত্র তাঁরের পর আবার দুমায়।

আরও কিছু লক্ষণ বা বৈশিষ্ট্য নিয়ে আমারা নবজাতকের সুস্থতা বুকতে পারব।

- নবজাতকের প্রথম ভাষা হলো কাঙ্গা। এর মাধ্যমে শিশুর ফুসফুস সংক্রিত হয়ে ওঠে।
- ঠোঁটের কাছে আঙুল রাখলে শিশু চুষে খেতে চায়।
- শিশুর হাতের তাঙ্গুতে কিছু রাখলে (পেপ্সিল বা হাতের আঙুল) তা সে শক্ত করে চেপে ধরে।
- হঠাতে কোনো শব্দ হলে শিশু চমকে ওঠে।

উপরোক্ত যে কোনো একটি অভিব্যক্তি অনুপস্থিত থাকলে নবজ্ঞাতকটি যে স্বাভাবিক নয় তা বোধা যায়। তখন দেরি না করে শিশুটিকে হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র বা চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া উচিত।

কাজ-১ তোমার ছোট ভাই বা বোনের সাথে তুমি কী ঘরনের আচরণ করবে— সে সম্পর্কে লিখ।

পাঠ ৩- অতি শৈশব কাল

নবজ্ঞাতক সহয়ের পর বা ২ সপ্তাহ থেকে ২ বছর পর্যন্ত কালকে অতি শৈশব কাল বলা হয়। আবার দেড় বছর থেকে যখন শিশু ইঁটিটে থাকে তখন তাদেরকে 'ইঁটলার'ও বলা হয়। এ সময়ে শিশুর বিকাশ এত দ্রুত হয় যে, কিছুদিন পরপরই পরিচিত জনের কাছে শিশুকে অনেক বড় এবং অচেনা লাগে। জনের সময় যে শিশুটি বড় অসহায় হিল সে এখন ইঁটিটে পারে, লাফলায়ি করতে পারে, কথা বলতে পারে, আরও কত কী।


খাদ্য, পুষ্টি, যত্ন, বাবা-মায়ের আকার আকৃতি ইত্যাদি কারণে বিভিন্ন শিশুর বৃক্ষি বিভিন্ন রকম হয়। কিন্তু তবও এ বয়সে ওজন ও উচ্চতা বাড়ার একটি স্বাভাবিক নিয়ম আছে। শিশুর ওজন জন্মকালীন ওজনের বিশুণ হয় হ্রাস মাসে। এক বছরে হয় তিনিশেণ। দু'বছরে হয় চারিশেণ। তিন বছরে হয় পাঁচশেণ। জনের সময় শিশুর যা দৈর্ঘ্য থাকে, চার-পাঁচ বছরে তা বিশুণ হয়। পরবর্তী বছরগুলোতে ওজন বাড়ার হার দীরে দীরে কমতে থাকে। সুস্থ ও স্বাভাবিক শিশু আমরা তাকেই বলব, যার বয়স অনুযায়ী ওজন ও উচ্চতা স্বাভাবিক, চোখ ব্রহ্ম ও উজ্জ্বল, চামড়া, চুল চকচকে ও মসৃণ, চেহারায় আছে আনন্দ ও পরিষ্কৃতির ছাপ।

হেট্টি শিশুটির যত্নে আমাদের করণীয়—

- কুধা লাগলেই তাকে খাবার দেওয়া।
- মল-মূত্র ত্যাগ করলে তাড়াতাঢ়ি পরিষ্কার করা, তেজা অবস্থায় না রাখা।
- কান্দার সময় যত তাড়াতাঢ়ি সম্ভব তার অসুবিধা দূর করা।
- অতিরিক্ত গরম বা শীতে তার যেন কষ্ট না হয়, সেনিকে দেয়াল করা।
- তর পেলে কোলে তুলে নেওয়া।
- আরামদায়ক ঘুমের ব্যবস্থা করা।

উপর্যুক্ত খাদ্য শিশুর শারীরিক ও মানসিক বিকাশে সহায়তা করে। কিন্তু আমরা অনেকেই জানি না, খাদ্যের সাথে সাথে মস্তিষ্কের বিকাশের জন্য দরকার ত্রোহ, ভালোবাসা ও উচ্চিপনার।

শিশুর যত্নে মাঝের ভূমিকা সবচেয়ে বেশি। কিন্তু যে সব পরিবারে অন্যান্য সদস্যারা শিশু পালন, খেলা, তাবৎ বিনিয়নে অংশ নেয়- সে সব শিশু অন্য শিশুদের চেয়ে বেশি বাস্তুবান ও বৃদ্ধিমান হয়। তারা অধিক নিরাপত্তার মধ্যে বেড়ে ওঠে।



পরিবারের সদস্যদের সাথে শিশুর তাবৎ বিনিয়ন

কাজ-১ অতি শৈশবে শিশুর বিকাশের জন্ম কেন কেন কাজ উচ্চতৃপূর্ণ, এসব তথ্য সংবলিত একটি পোস্টার তৈরি কর।

পাঠ ৪- প্রারম্ভিক শৈশব (Early Childhood)

২ বছর থেকে ৬ বছর পর্যন্ত সময় প্রারম্ভিক শৈশব বা শৈশবের প্রথম পর্যায়। এ বয়সের অন্য আর একটি নাম হলো গ্রাক বিদ্যালয় শিশু বা স্কুল পূর্বৰ্বে শিশু। এটা এমন একটা বয়স যখন শিশু আনুষ্ঠানিক ভাবে স্কুলে পড়াশোনা শুরু করে না কিন্তু স্কুলে মাঝেয়ার প্রস্তুতি নেয়। আবার কোনো কোনো শিশু এ বয়সে স্কুলে যায়, তারা স্কুলে খেলা-ধূলার মধ্যে দিয়ে আনুষ্ঠানিক পড়াশোনা শুরুর প্রস্তুতি নেয়। এ সময়কে খেলার বয়সও বলা হয়।

এ সময়টা শিশুর আনন্দের সময়। পৃথিবী তার কাছে একটা বিরাট বিশ্ব। নিজেকে, অপরকে, আশ্রে-পাশের সবকিছুকে নিয়ে আছে হাজারো প্রশ্ন। প্রত্যেক বিষয়ে সে অনর্গল প্রশ্ন করে। সে সবকিছু শিখতে চায়। এ বয়সটা আঘাত ও কৌতুহলের। ধূমক দিয়ে বা বিরক্ত হয়ে তাকে ধামিয়ে দেওয়া ঠিক নয়। তার সকল প্রশ্নের উত্তর সহজভাবে দিয়ে তাকে উত্থাপী করে ছুলতে হবে। এটা কী, ওটা কী, এটা কেন হয়- এসব প্রশ্নের মাধ্যমে তার বৃদ্ধির বিকাশ ঘটবে।

কথোপকথন

আসিফ- আমি একশো ঘনত্বে পারি।

রাইয়ান- আমি একশো হাজার ঘনত্বে পারি।

আসিফ- আমি দুইশো হাজার ঘনত্বে পারি।

রাইয়ান- আমি পৃথিবীর সবার চেয়ে বেশি ঘনত্বে পারি।

উপরের কথোপকথনটি দুইটি প্রাক বিদ্যালয় শিশুর মধ্যে কথোপকথন। এ বয়সে তারা প্রচুর কথা বলতে পারে। তারা ধাকে আস্তাকেন্দ্রিক। এ জন্য নিজ সম্পর্কে তারা বেশি কথা বলে। কোন কোন বিষয়ে তার কাছে আনন্দের, তার পরিবারে কে কে আছে, তার কী কী জিনিস আছে- সে সম্পর্কে বলতে অঘৃষ্ট হয়।

তারা সহবরণদীনের সাথে প্রতিযোগিতা করতে শুরু করে। এভাবেই তাদের সামাজিক বিকাশ থটে। এ বয়সে শিশুর অনুকরণশীল হয়। যে ধরনের কাজ তাদের সামনে করা হয়, সেভাবেই তারা অভিনন্দন করে, খেলে। যেমন- বাবার মতো খবরের কাগজ পড়া, মায়ের মতো সকলকে পরামর্শ দেওয়া ইত্যাদি। এ বয়সে শিশুদের জীবনে সঠিক পরিবর্তন আনার জন্য দামি খেলনা, ব্যবহৃত উপকরণের প্রয়োজন হয় না।



খেলার মধ্যে নিয়ে শিক্ষা- করেকটি প্রাক বিদ্যালয় শিশু

পরিবারের সদস্যদের তাদের জন্য যা করলীয় তা হলো-

- তাদের সঙ্গে ঘরে ও বাইরে সুস্রূতভাবে কথা বলা।
- মনোযোগ দিয়ে তাদের কথা শোনা।
- বিবরণ না হয়ে তাদের প্রশ্নের সহজ উত্তর দেওয়া।
- তাদেরকে গান, ছড়া, গল্প শোনানো।
- তাদেরকে সহজ দেওয়া, তাদের সাথে খেলাখুলা করা।
- নতুন নতুন বিষয়ে সম্পর্কে তাদেরকে পরিচিত করা বা ধারণা দেওয়া।
- নতুন কিছু দেখতে, অনত্তে, করতে ও বাদ গ্রহণে উৎসাহিত করা।

শিতর সুর্ত বিকাশের জন্য এ কাজগুলো ভালোভাবে যত বেশি করা হবে, ততই তার জন্য সহজজনক।

ক্ষম্ব- ১ উদাহরণসহ শাক বিদ্যালয় শিতর বৈশিষ্ট্যের তালিকা কর।

পাঠ ৫- মধ্য শৈশ্বর (Middle Childhood)

৬ বছর থেকে ১০/১১ বছর পর্যন্ত বয়সকে মধ্য শৈশ্বর বলে ধরা হয়। এ সময়ে শিতর শারীরিক বিকাশ বীর গতিতে চলে। কিন্তু সামাজিক জীবনে আসে বিশ্বাসক পরিবর্তন। অধিকাল্প শিত সুলে ঘোড়া তক করে। ইক বীধা জীবনে এটি একটি অসাধারণ পরিবর্তন। এ বয়সটি সঙ্গীরভাবে খেলার বয়স। ছেলেদের খেলেদের মধ্যে এবং মেয়েদের মেয়েদের মধ্যে খেলাখুলা করে। সুলে ঘোড়া ও খেলাখুলার কারণে সম্বন্ধনীয়ের সাথে তার ব্যাপক যোগাযোগ হয়।

এ বয়সে তাদের মধ্যে শারীরিক পদ্ধতি তৈরি হয়। নিজের কাজ নিজে করতে পারে। খেওয়া, পোশাক পরা ইত্যাদি কাজ অঙ্গ সময়ে অঙ্গ পরিশৃঙ্খলে করতে পারে। নিজের কাজের পাশাপাশি যখন বাইরে নানা ধরনের কাজ করতে পারে। যেমন- বাগান করা, ঘর গোছানো ও পরিচার করা ইত্যাদি।

এ বয়সে শিতরা সুলে গঁথ-কবিতা শেখা, ছবি আঁকা, খেলাখুলা, দূই চাকার সহিকেল চালানো, সীতার কাটা ইত্যাদি নানা রকম কাজ করে। এভাবে বিভিন্ন কাজে অল্প সেভাবের মধ্য দিয়ে তারা উদ্যোগী ও পরিশৃঙ্খলী হয়। নকুল নকুল কাজে সাক্ষ্য তার আচ্ছাদিকাস বাঢ়ায়। সম্বন্ধনীয়ের সাথে বিভিন্ন রকম প্রতিযোগিতা করে। এ সময়ের সঙ্গতা তার জীবিয়ৎ সহজতার সরঞ্জা খুলে দেয়। অপর দিকে ব্যর্থতা তার মধ্যে সৃষ্টি করে হতাশ। এই হতাশ থেকে নানা রকম আচরণসত সমস্যা তৈরি হতে পারে। যেমন- অতিরিক্ত রাগ, জিনিসপত্র হুঁতে ফেলা বা তাঢ়ুর করা, কাটকে আঁচাত করা, বিষ্ণুতা, সামান্য কারণে কৌন্দে ফেলা, সুলে থেকে না চাওয়া ইত্যাদি।



মধ্য শৈশ্বরে শিতরা নক ও পরিশৃঙ্খলী হতে করে

ভালো আচরণের জন্য বড়দের প্রশংসা শিতর নিরাপত্তাবোধ জাগিয়ে তোলে। শিতরকে যখন প্রশংসা করা হয় তখন সে বুঝতে পারে যে আচরণটি করছে তা বড়দের কাছে গ্রহণযোগ্য। এটি তার মধ্যে ভালো আচরণের ইচ্ছা জাগিয়ে তোলে। তারা আরও ভালো কাজ করতে আগ্রহী হয়। শিতরা চার প্রশংসা ও ভালোবাসা। অপরদিকে যে কোনো কারণে বড়দের দেওয়া শান্তি তাদের আত্মবিশ্বাস আঘাত করে। তাদের মধ্যে হতাশার জন্ম দেয়। তারা নতুন কাজে আগ্রহ হারিয়ে ফেলে।

কোনো কারণে পরীক্ষার ফল খারাপ হলে নিরুৎসাহিত হওয়া বা সাহস হারানো ঠিক না। এতে ভবিষ্যৎ সফলতার বাধার সৃষ্টি হয়। এ ধরনের পরিস্থিতিতে অনেক সময় মা-বাবা ও হতাশ হয়ে পড়েন এবং সন্তানদেরকে তিরকার বা রাগারাণি করে থাকেন। বড়দের মেতিবাচক উচিৎ শিতদের আত্মবিশ্বাস নষ্ট করে। এতে ভবিষ্যৎ সফলতার বাধা সৃষ্টি হয়। এভাবে বাড়িতে ঘোটদের ব্যর্থতার তোমাদেরকেও সচেতন হতে হবে। তাদেরকে মনোবল ফিরিয়ে আনার জন্য উৎসাহিত করতে হবে।

কাজ-১ হেটি ভাই বা বোনের সফলতার জন্য কিভাবে তাকে উৎসাহিত করা যায়— তার কয়েকটি উপায় লেখ।

কাজ-২ উদাহরণসহ মধ্য শৈশবের বৈশিষ্ট্যের তালিকা কর।

অনুশীলনী

বহুনির্বাচনি প্রশ্ন

১. জাতিসংঘ ঘোষিত সনদ অনুযায়ী কত বছর বয়স পর্যন্ত শিতকাল ধরা হয়?

ক.	৬	খ.	১০
----	---	----	----

গ.	১৪	ঘ.	১৮
----	----	----	----

২. কোন বয়সে শিতরা দক্ষ ও পরিশ্রমী হতে শুরু করে?

ক.	অতি শৈশবে	খ.	প্রারম্ভিক শৈশবে
----	-----------	----	------------------

গ.	মধ্য শৈশবে	ঘ.	ক্ষেপের কালে
----	------------	----	--------------

নিচের অনুচ্ছেদটি গত এবং ৩ নং ও ৪ নং প্ল্যাটের উভয় দাও

বাড়িতেই সালেহা বানুর সন্তানটির জন্ম হয়েছিল। জন্মের পর পর তার বাচ্চাটি কাঁদেনি এবং তার শরীর নীল হয়ে যাওয়া।

৩. সালেহাৰ বাচ্চাটি নীল হয়ে যাওয়াল কাৰণ-

- i. ফুসফুস সক্রিয় না হওয়া
- ii. রক্তে কাৰ্বন ডাই-অক্সাইড বেড়ে যাওয়া
- iii. অগ্নিজ্বলের অভাৱ হওয়া

নিচের কোনটি সঠিক?

- | | | | |
|----|-----------|----|-------------|
| ক. | i ও ii | খ. | ii ও iii |
| গ. | i ও রুৱাৰ | ঘ. | i, ii ও iii |

৪. এ অবস্থায় সালেহাৰ বাচ্চাটিৰ জন্য কৰণীয় কী?

- | | | | |
|----|-----------------------------|----|------------------------------|
| ক. | বাচ্চাকে দ্রুত পরিষ্কাৰ কৰা | খ. | দুধ খাওয়ানোৱ ব্যবস্থা কৰা |
| গ. | অগ্নিজ্বলেৰ ব্যবস্থা কৰা | ঘ. | গৰম কাপড় দিয়ে জড়িয়ে রাখা |

সূজনশীল প্রক্রিয়া

১. আবিদের বয়স ৩ বছর। তার চাকরিজীবী মা বাসস্থান থেকে অফিস দূরে ইওয়া সত্ত্বেও শুভ-শাতত্তির সাথেই থাকেন। আবিদের গোসল খাওয়া ইত্যাদি কাজ তার চাটি করে থাকেন। সারাদিন মা-বাবার অনুপস্থিতি সত্ত্বেও মানা-দানির সাথে আনন্দ হৈ তৈ করে আবিদের দিন কেটে যায়।
- ক. সমাজের মূল একক কী?
- খ. একক পরিবার কাকে বলে?
- গ. আবিদ কোন ধরনের পরিবারে বেড়ে উঠছে? ব্যাখ্যা কর।
- ঘ. আবিদের বয়সী শিশুদের বেড়ে উঠার পেছনে পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর।
২. সাইয়ারা আগামী বছর সূলে ভর্তি হবে। সে সারাদিন কথা বলে। তার চারপাশের জগৎ নিয়ে মাকে সে সারাদিন হাজারো প্রশ্ন করে ব্যক্ত রাখে। কর্মব্যক্ত মা বিবরণ না হয়ে সাইয়ারার বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে থাকেন।
- ক. জন্মের পর নবজাতকের প্রথম ভাষা কী?
- খ. সুস্থ শারীরিক শিশু বলতে কী মুকায়?
- গ. সাইয়ারা শৈশবের কোন গৰ্হায়ে আছে? ব্যাখ্যা কর।
- ঘ. সাইয়ারার মায়ের ভূমিকা সাইয়ারার মতো শিশুদের সুষ্ঠু বিকাশে সহায়ক- সুত্তিয়ে লিখ।

পঞ্চম অধ্যায়

ছেটদের শিষ্টাচার শিক্ষা

পাঠ ১—মানবীয় গুণাবলি

প্রতিদিন আমাদের মা-বাবা, ভাই-বোন, আজীব্য-বজন, শিক্ষক, পাঢ়া-প্রতিবেশী, ছেট-বড় অনেকের সাথেই তার বিনিময় ও যোগাযোগ করতে হয়। এই ভাব বিনিময় ও যোগাযোগের মাধ্যমেই শিষ্টাচার প্রকাশ পায়। অপরের সুবিধা-অসুবিধা দেখা, অপরের মতামত, অনুভূতির প্রতি সমান দেখানো এবং বৃচ্ছ সম্মত ব্যবহারই শিষ্টাচার। শিষ্টাচার সভ্যতার প্রতীক, অন্তরের সৌন্দর্য। শিষ্টাচার প্রকাশের মাধ্যমে মনের সুন্দর নিকঙ্গে ফুটে ওঠে।

শৈশব কাল থেকেই শিষ্টাচার চর্চা বা অভ্যাস করতে হয়। জীবনকে সুন্দর ও সাফল্যময় করতে হলে, উন্নত জাতি হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে হলে অবশ্যই শিষ্টাচারী হতে হবে। তোমরা যদি স্ন্যাতা, শ্রুত্বাবোধ, সৌন্দর্যবোধ, শারীনতা ও আদৰ-কায়দা বজায় রেখে সমাজে চলো তা হলোই শিষ্টাচার প্রকাশ পাবে। তোমরাই দেশ ও জাতির ভবিষ্যৎ। তোমাদের সভা, সঠিক, সুসংরক্ষণে গড়ে ওঠার মধ্যেই রয়েছে দেশ ও জাতির কল্যাণ।

মানুষ হিসেবে যে আচরণগুলো আমরা সবাই একে অপরের কাছে আশা করি তাই মানবীয় আচরণ বা গুণাবলি। যেমন— সহযোগিতা, সহানুভূতিশীলতা, সহমর্মিক, ধৈর্যশীলতা, স্ন্যাতা, স্ন্যাতা, বিনয় ইত্যাদি। মানবীয় গুণাবলি পরিবার থেকে অর্জিত হয়। পরিবারে, পাঢ়া-প্রতিবেশী, আজীব্য-বজন, বড়-বাকবের সাথে মেলামেশের মাধ্যমে মানবীয় গুণগুলো প্রকাশ পায়।

দলগত খেলার মাধ্যমে মানবীয় গুণাবলি সহজে বিকাশ লাভ করে। তোমরা যখন দলগতভাবে খেল তখন তোমাদের একে অপরকে সহযোগিতা করতে হয়। খেলার নিয়ম কানুন মেনে সততা ও ন্যায়পরায়ণতার পরিচয় দিতে হয়। দলের প্রতি বিনয়ী, সহানুভূতিশীল, ধৈর্যশীল এবং বক্তৃতাবাগ্ন হতে হয়। কেউ ব্যথা পেলে সেবা করতে হয়, সহমর্মিতা দেখাতে হয়। আবার তোমরা যদি নিজ স্বার্থ কিছুটা ত্যাগ করে অন্যের উপকার করতে পার তা হলে তোমাদের উদারতা প্রকাশ পায়। সুতরাং দেখা যায় মানবীয় গুণাবলি তোমাদের চরিত্রকে উন্নত করে।

এখন আমরা সাদিয়া সম্পর্কে জানব। ঘষ্ট প্রেমির ছাতী সাদিয়া। তার মন্ত্রতা, উদ্ভুততা, ন্যায়পরায়ণতা, শ্রদ্ধাবোধ, সহযোগিতা, উদারতা, বক্ষতপূর্ণ আচার-ব্যবহার আঙীয়-বজন, শিক্ষক, সহপাঠী ও বিদ্যালয়ের সবাইকে মুক্ত করে। সে সব সময় বড়দের সালাম দেয় ও সম্মান করে, অতিথিদের সমাদর করে। দরিদ্র আঙীয়-বজন, দরিদ্র প্রতিবেশী ও বাড়ির গৃহকর্মীর প্রতি বেশ সহানুভূতিশীল ও বিনয়ী। সে ছেটদের মেঝে করে ও ভালোবাসে।



সহস্মরিতার ইকাশ (দরিদ্রকে শীত বন্ধ প্রদান)

সাদিয়া সহশ্পাঠীদের সহযোগিতা করে। কখনও যিখ্যা কথা বলে না ও অন্যায় আচরণ করে না। কথা দিলে সেটা রক্ষা করে। নিজের দোষ ঝুঁতি সহজেই স্বীকার করে নেয়। তাই ছেট বড় সবাই তাকে পছন্দ করে। সাদিয়া তার মা-বাবাকে খুব শ্রদ্ধা করে এবং আদর্শ হিসেবে অনুকরণ করে।

তোমরা দেখতে পারছ সাদিয়ার মানবিক শুণের জন্য সবাই তাকে পছন্দ করছে। তার মধ্যে যদি হিংসা, বিহেব, অহমিকা, দাঙ্কিকতা থাকত, সে যদি যিখ্যা কথা বলত, কথা দিয়ে সেই কথা মতো কাজ না করত নিশ্চারই কেউ তাকে পছন্দ করত না। তাই তোমাদের সর্বসময় মানবীয় ও গুরুত্ব অর্জনের চেষ্টা করতে হবে। যাতে সৃষ্টিকর্তা ও সব মানুষের জ্ঞিয় হতে পার।

কাজ- ১ সবাই যে আচরণগুলো পছন্দ করে এবং যে আচরণগুলো পছন্দ করে না তার তালিকা কর।

পাঠ ২- বয়োজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধা ও শিক্ষকের প্রতি সম্মান

তোমাদের চেয়ে বয়সে যারা বড় তারাই তোমাদের শ্রদ্ধার প্রাপ্তি। বয়োজ্যেষ্ঠদের মধ্যে মা-বাবা, বড় ভাই-বোন, দাদা-দাদি, নানা-নানি, খালা-খালু, ফুকু-ফুকা, চাটা-চাটি, মামা-মামি সবাই তোমাদের আত্মীয়-বর্জন। এছাড়া শিক্ষক, পাঢ়া-প্রতিবেশী সে যে পেশারাই হোক না কেন যারা তোমাদের চেয়ে বয়সে বড় তাদের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো তোমাদের নৈতিক দায়িত্ব এবং এটা অন্তর্ভুক্ত আচরণ। বড়দের আদেশ উপদেশ মেনে চলাকেই তাদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া বুকায়। তোমরা যদি শ্রদ্ধাশীল হও তা হলেই বড়রা তোমাদের ভালোবাসবে। শুভা হতেই ভালোবাসার জন্ম।



বৃক্ষ দামুর সেবা করা

দাদুর কাছে হৃতিমুছের গরু শোনা

তোমরা হয়তো বলতে পারো শ্রদ্ধা ও সম্মান কিভাবে দেখাব ?

শ্রদ্ধা দেখানোর উপায়

- বয়োজ্যেষ্ঠদের দেখলে সালাম বা অভিবাদন জানাবে। কৃশ্ণল বিনিময় করবে।
- বড়রা যখন কথা বলবেন তখন মন দিয়ে শুবে। কথার মাঝে কোনো কথা বলবে না।
- বড়দের আদেশ উপদেশ মেনে চলবে এবং প্রয়োজনে সহযোগিতা করবে।
- বড়দের কোনো কথা বা কাজ তোমার পছন্দ না হলে সম্মানের সাথে তোমার মতামত জানাবে।
- বাড়িতে বৃক্ষ দাদা-দাদি, নানা-নানি খাকলে সেবা করবে এবং সক্ষ নিবে, গরু করবে। কারণ তারা বয়সের কারণে নিজের কাজও নিজে করতে পারেন না, একাকিত্বে ভোগেন। এছাড়া তাদের সাথে গাছের মাধ্যমে তোমরাও অনেক জ্ঞান অর্জন করতে পারবে।

তোমার বাবা-মা হেতোবে তোমাদের লালন-পালন করছেন, তোমার নানা-দাদি/নানা-নানিও সেভাবেই তোমার বাবা-মাকে লালন-পালন করেছেন। তোমরা তাঁদের অনেক আলরেব। অতি শৈশব থেকে তীরা তোমাদের অনেক আদর ও ঝোঁহ করেন, অনেক দেয়া করেন। সুতরাং বৃক্ষ বয়সে তীরা যাতে কোনো দুঃখ কষ্ট না পান সে দিকে খেয়াল রাখাও তোমাদের কর্তব্য। বড়দের প্রতি তোমাদের সৌজন্যমূলক আচরণ ও শ্রদ্ধাবোধ তাঁদের ঝোঁহ, ভালোবাসা অর্জনে তোমাদের জন্য সহায়ক হবে এবং সামাজিক জীবন সুস্থল হবে।

কাজ - ১ একজন সন্তানের তার মা-বাবাকে কিভাবে শ্রদ্ধা ও সম্মান করা উচিত তার উপর একটি পোস্টার তৈরি কর।

কাজ - ২ বৃক্ষ নানা-দাদি বা নানা-নানিকে প্রতি তোমার করণীয় সম্পর্কে লিখ।

শিক্ষকের প্রতি সম্মান- শিক্ষক হচ্ছেন মানুষ গত্তার কারিগর। শিক্ষক জান দান করেন আর তোমরা সেই জান অর্জনের মাধ্যমে জীবনকে গড়ে তোল। পিতা-মাতার পরেই শিক্ষকের ছান। শিক্ষকের প্রতি প্রকৃত সম্মান ও শ্রদ্ধাবোধ নিয়েই তোমাদের পাঠ এইল করতে হবে। শিক্ষকগণ সন্তানের মতো কল্যাণ কার্যনা করে ছাত্রদের গড়ে তোলার চেষ্টা করেন। তোমরা শিক্ষকের আদর্শ মেলে চলবে। শিক্ষক হ্যন পাঠ দেন তখন মনোযোগী হবে। নতুন ও ভদ্র আচরণ করবে। এগুলো তোমাদের কর্তব্য।



ষষ্ঠ শ্রেণির ছাত্র ফাহিম ত্রাসে শিক্ষকের উপরিত্তিতে দাঢ়িয়ে সম্মান জানাতে একটুও দেবি করে না। পাঠদানকালে সে অত্যন্ত মনোযোগের সাথে শিক্ষকের কথা শোনে। শিক্ষকের দেওয়া শ্রেণির কাজ, বাড়ির কাজ সে সহজ মতো সম্পদন করে। এভাবে সে শিক্ষকের নিমিশে পালন করার মাধ্যমে শিক্ষককে সম্মান ও শ্রদ্ধা করে।

তখু তাই নয়, সে শ্রেণিকক্ষ এবং সুলের বাইরেও শিক্ষকদের একই ভাবে শ্রদ্ধা ও সম্মান জানায়। তার এই ঘরনের আচরণে সবাই তার প্রশংসন করে। সুতরাং শিক্ষকের সাথে তোমাদের সম্পর্ক হবে ঘনিষ্ঠ ও সম্মানজনক। এতে উন্নত ও কাঞ্চিত শিক্ষার পরিবেশ সৃষ্টি হবে। যা সকলের কাম্য।

কাজ-৩ সুলে এবং সুলের বাইরে তুমি কিভাবে শিক্ষককে সম্মান দেখাবে বর্ণনা কর।

পাঠ ৩- সমবয়সীদের প্রতি আচরণ, ছোটদের প্রতি দায়িত্ব ও স্নেহ

আমরা সবাই সঙ্গিয়ে। পরম্পর যালিমশে ধোকার ফলেই আমাদের জীবন সুন্দর হয়। আর এই পরম্পরারের প্রতি আকর্ষণ সবচেয়ে বেশি ধাকে সমবয়সীদের মধ্যে। কারণ সমবয়সীদের মধ্যে যেমন বয়সের মিল ধাকে তেমনি মনেরও অনেক মিল ধাকে। যাদের মধ্যে মনের মিল বেশি তাদের মধ্যেই সৃষ্টি হয় বক্তৃত্বে। বক্তৃদের



সাথে আমরা মনের ভাব আদান প্রদান করি। তাই যাদের আচরণ ভালো, অনেক ক্ষতি করে না, নিয়ম মেনে চলে, বিশ্বাসী, সহযুক্তিশীল ও সহস্রিতাবোধ আছে, বক্তৃ হিসেবে তারাই উন্নম। এছাড়া বক্তৃ নির্বাচনের আর একটি উন্নতপূর্ণ বিষয় হচ্ছে একে অপরের প্রতি বিশ্বাস ধাকা।

রাসেল ও মিলন সহপাঠী ও ভালো বছু। অন্যান্য সহপাঠী সবাই তাদের পছন্দ করে। তারা পড়াশোনা ও খেলাখুলায় সেৱা। পড়াশোনায় তাদের মধ্যে প্রতিবেশিকতা আছে তবে কোনো হিসো-বিহোব নেই, আছে আত্ম-বিশ্বাস। স্কুলে দুই ফুটবল টিমে তারা খেলে। তারা দুজনেই আদর্শ নিয়ে চলে। কাজে কর্মে দৈর্ঘ্যশীল, অবেগের কষ্ট সহানুভূতি দেখায় ও সাধ্য মতো সাহায্য করে। সঠিক সিক্ষান্ত নিতে পারে। তাদের এই সমস্ত গুণের জন্ম সহপাঠী এবং দলের সবাই তাদের প্রতি মুক্ত। একদিন মিলনের দল খেলায় প্রাপ্তিত হয়। দলের অনেকেই এটা মেনে নিতে পারছে না। মিলন দলের সবাইকে নিয়ে নিজেদের দুর্বলতা, খেলার নিয়ম-নীতি নিয়ে আলোচনা করে। ফলে সবাই পরাজয় মেনে নেয়। মিলনের বিচক্ষণতাই সকলের অঞ্চলীয় মনোভাব দমন করে। রাসেল ও মিলনদের ক্লাসে এছলে কিছু ছেলে ছিল যারা কলহপ্রিয় ও মারামারি করতে পছন্দ করে। ওরা দুই বছু ঠিক করল ওসেরকে দলে খেলতে নিবে। তারা দুই ছেলেদের দুই দলে ভাগ করে নিল। খেলার নিয়ম নীতি, শৃঙ্খলা ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য কঠোরভাবে নির্দেশ দিল। এভাবে কিছুদিন খেলার ফলে দুই ছেলেদের মন মানসিকতার অনেক উন্নতি হলো।

দেখতে পারছ তোমাদের বয়সে ব্যবৃত প্রক্রিয়া অনেক বেশি। সামাজিকীকরণ প্রক্রিয়ায় কৈশোর বয়সে এমন অনেক চাহিদা থাকে যা মা-বাবা, শিক্ষক পূরণ করতে পারে না। সে সকল ক্ষেত্রে সমবয়সী বছু অনেক উন্নতপূর্ণ ভূমিকা রাখতে পারে।

কাজ-১ সমবয়সীদের সাথে আচরণ এ বিষয়ে তোমার নিজস্ব মতামত লিপিবদ্ধ কর।

হোটদের প্রতি দায়িত্ব- তোমরা ৬ষ্ঠ শ্রেণির ছাত্র। তোমাদের স্কুলে, আত্মীয়বন্ধন ও পাড়া-প্রতিবেশীদের মধ্যে অনেকেই আছে যারা তোমাদের চেয়ে বয়সে জ্যেষ্ঠ। তাদের প্রতি তোমাদের অনেক দায়িত্ব রয়েছে।

- তোমরা হোটদের চেহ ও ভালোবাসা নিবে।
- ভালো কাজের উপদেশ নিবে।
- মন্তব্য করতে নিয়ে করবে এবং মন্তব্য কাজের কুফল দুর্ক্ষিয়ে বলবে।
- তাদের মধ্যে ন্যায়-অন্যায় বোধ ও আত্মবিশ্বাস জাগুত করার চেষ্টা করবে।
- তাদেরকে আয়োজনে সহযোগিতা করবে। তবে তোমাদেরও হোটদের সামনে ভালো কাজের দৃষ্টিকোণ রাখতে হবে। যা দেখে হোটের তোমাদের অনুসরণ করবে। কারণ হোটের সবসময় বড়দের অনুকরণ করে শেখে।

ছিটীয় শ্রেণির ছাতী নিপা মাঠে খেলতে যেয়ে পাখা পেয়ে ব্যথা পেয়ে কাঁপতে থাকে। ৬ষ্ঠ শ্রেণির ছাতী মালতি ও তার বাস্তবীরা নিপাকে কোলে তুলে শিফকদের সুন্মে নিয়ে যায়, বরফ এনে পাতে ধরে, বাতাস করে, কমাল ভিজিয়ে তার মুখ মুছিয়ে দেয়। এতে আস্তে আস্তে নিপা সুস্থ হয়ে ওঠে। বড় আপনদের যত্ন দ্রোহ, ভালোবাসা ও সহানুভূতি নিপাকে মুক্ত করে।

মালতি দেখল ছেট একটি ছেলে কলা থেয়ে খোসাটি রাস্তায় ফেলল। মালতি ছেলেটিকে ডেকে তার নাম ভিজ্ঞাসা করল এবং খোসাটি ডাস্টবিনে ফেলতে বলল। কলা খোসায় পা পিছলে পড়ে কেউ ব্যথা পেতে পারে, এছাড়া যেখানে দেখানে ময়লা ফেললে পরিবেশ নোন্ধা হয়। ছেলেটি মালতির কথা বুকতে পারল এবং আর কথনও এমন করবে না বলে প্রতিজ্ঞা করল।



ছেটদের প্রতি ভালোবাসা

কাজ-২ নিপা ও মালতির কাছ থেকে তুমি কী শিখলে বলো।

পাঠ ৪- প্রতিবন্ধীদের প্রতি আচরণ, পারিবারিক গোপনীয়তা রক্ষা

আমরা আমাদের চারপাশে এমন কিছু মানুষ দেখি যাদের হাত-পা নাই, ঢাকে দেখে না, কানে শোনে না, কথা বলতে পারে না, দেহের গঠন স্বাভাবিক নয়, বৃক্ষি করে। তাদের অনেক কষ্ট। তবে তাদের এই অবস্থার জন্য কিছু তারা দায়ী নয়। সবাই চায় সুস্নেহভাবে বীচতে। এই ধরনের প্রতিবন্ধীদের প্রতি তোমাদের অনেক দায়িত্ব রয়েছে।

তোমাদের সুন্দর আচরণই প্রতিবন্ধীদের সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা নিবে। তাই তারা যাতে অবহেলিত না হয়, যাতে সমাজের একজন হতে পারে, নিজের সামর্থ্য অনুযায়ী কাজ করতে পারে, গড়াশোনা শিখতে পারে। সেজন্য আমাদের স্বার এদের প্রতি দায়িত্ব রয়েছে।



রতনদের সুন্দে প্রতিবন্ধী একজন ছাত্র রয়েছে। ছেলেটি শারীরিক প্রতিবন্ধী। নাম মিলন, সে হইল চোরে করে সুন্দে আসে। রতন ও তার সহপাঠীরা হইল চোরার ঠেলে অনেক কষ্ট করে তাকে বারান্দায় তুলে ত্রাসে নিয়ে যায়। রতন চিন্তা করল একটা ঝাম্প থাকলে তাদের এত কষ্ট হতো না। বিষয়টি নিয়ে সে প্রেরণ শিককের সাথে আলাপ করে এবং তারা কয়েক বছু মিলে যাটি নিয়ে ঢাল তৈরি করে। পরবর্তীতে সুল কর্তৃপক্ষ তার উপরে ইট বিছিয়ে সিমেন্ট করে ঝাম্প তৈরি করে দেয়। ফলে মিলনকে তার সহপাঠীরা সহজেই হইল চোরার ঠেলে ত্রাসে নিয়ে যেতে পারে। সহপাঠী, শিক্ষক ও সুল কর্তৃপক্ষের আঙ্গুরিকতাই মিলনকে সামনে এগিয়ে যাওয়ার পথ দেখায়। সমাজে অনেক সৃষ্টি, শ্রবণ, বাক ও বৃক্ষি প্রতিবন্ধী শিশু রয়েছে। তোমরা সব সময় তাদের সাথে ভালো ব্যবহার করবে, প্রয়োজনে সহযোগিতা করবে, খেলাধূলা করবে, সঙ্গ দিবে, রাস্তা ঘাট পারাপারের সহয় সাহায্য করবে। তাদের সাথে এমন আচরণ করবে যাতে তারা নিজেদের অসহায় মনে না করে।

কাজ- ১ একজন দৃষ্টি প্রতিবন্ধীর প্রতি তোমার আচরণ কেমন হবে?

পরিবারিক গোপনীয়তা রক্ষা- তোমরা সবাই মা-বাবা, ভাই-বোন নিয়ে পরিবারে বাস কর। অনেকের পরিবারে আজীব্য-বজ্ঞনও থাকে। পরিবারে তোমাদের মধ্যে নিবিড় ঘোণাযোগ ও ছেহ, ভালোবাসার দৃঢ় বক্ষন থাকে। তারপরেও পরিবারে একত্রে বাস করতে গেলে সদস্যদের মধ্যে মনোমালিন্য, মতবিরোধ দেখা দিতে পারে। তোমাদের উচিত এই বিষয়গুলো গোপন রাখা। কারণ বাইরে প্রকাশ পেলে পরিবারের মান, মর্যাদা ও সম্মান নষ্ট হতে পারে। এছাড়া অর্থ সংজ্ঞান ও অন্যান্য মূল্যবান সম্পদ সংজ্ঞান বিষয় সম্পর্কে যদি তোমরা কিছু জেনে যাও, তাহলে সেটা নিজের মধ্যেই গোপন রাখবে। এই বিষয়গুলো বাইরের মানুষ জেনে গেলে পরিবারের নিরাপত্তা নষ্ট হয়, বিগদও ঘটার সঙ্কাবন থাকে। সুতরাং যে বিষয়গুলো পরিবারের বাইরের কেউ জানলে পরিবারের মান, মর্যাদা, সম্মান নষ্ট হতে পারে বা পরিবারে বিগদ আসতে পারে সেগুলোই পরিবারের গোপন বিষয়। তোমরা একটি গল্প তৈরী করে ভালোভাবে বুঝতে পারবে।

প্রমির মা-বাবার মধ্যে একদিন মতবিরোধ হয়। প্রমি সে কথা প্রতিবেশী বাক্সীকে বলে। বাক্সী তার মায়ের সাথে গল্প করতে শিয়ে প্রমির মা-বাবার বিষয়টি বলে ফেলে। কয়েকদিন পর প্রমির মায়ের সাথে বাক্সীর মায়ের দেখা হয়। বাক্সীর মা মতবিরোধের বিষয়টি নিয়ে পশ্চ করে।

এতে প্রমির মা বেশ সজ্জাবোধ করেন। এই ঘটনা থেকেই তোমরা বুকতে পারছ পরিবারের এমন কিছু বিষয় আছে যা বাইরে আলোচনা করা উচিত নয়। ভাই পরিবারের একান্ত বিষয়গুলো নিজের পরিবারের সদস্যদের মধ্যেই থাক আবশ্যক। তবে তোমরা অনেক সময় বক্ষুদের সাথে নিজ নিজ পরিবারিক বিষয় নিয়ে আলাপ কর। সেই ক্ষেত্রে ধ্যেয়াল রাখবে বদ্ধুর কাছে যেন তোমার পরিবারের সদস্যদের মান মর্যাদা কয়ে না যায়। তবে পরিবারের একান্ত গোপন যে বিষয়গুলো পরিবারের সদস্যদের মধ্যে সম্পর্কে অবনতি ঘটায় বা ভাঙ্গন সৃষ্টি করতে পারে বলে তোমার মনে হয়, সেটা তুমি মা-বাবা কিংবা পরিবারের বয়োজ্যেষ্ঠ বা নির্ভরযোগ্য সদস্যের সাথে খোলামেলা আলোচনা করতে পার। কারণ পরিবারের যে ঘটনাগুলো সম্পর্কের অবনতি ঘটায়, সেটা খোলামেলা আলোচনার মাধ্যমে সম্পর্কের উন্নয়ন ঘটানো যায় এবং পরিবারের শান্তি, শৃঙ্খলা ফিরিয়ে আনা যায়। পরিবারের শান্তি শৃঙ্খলা রক্ষায় ও বিভিন্ন সহস্য সমাধানের ক্ষেত্রে তোমারও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

অনুশীলনী

বহুনির্বাচনি প্রশ্ন

১. শিষ্টাচারের মাধ্যমে কী প্রকাশ পায়?
- | | | | |
|----|-----------|----|------------------|
| ক. | সুজনশীলতা | খ. | দৈরিক সৌন্দর্য |
| গ. | বৃক্ষিমতা | ঘ. | অন্তরের সৌন্দর্য |
২. বঙ্গভূমির সবচেয়ে বড় পরিচয় কী?
- | | | | |
|----|--------------|----|-------------------|
| ক. | সহানুভূতি | খ. | সহযোগিতা করা |
| গ. | ভালো ব্যবহার | ঘ. | পারম্পরিক বিশ্বাস |

নিচের অনুজ্ঞাটি পড় এবং ৩ নং ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :

রনি তার বঙ্গদের সাথে খেলা করছে। দুইটি দুই ছেলে খেলতে চাইলে কেউ নিতে চাইল না। কিন্তু রনি বলল
আজ আমি খেলা দেখি আর ওদের দুইজনকে খেলায় নাও। রনি তাদের বলেছিল খেলার নিয়ম কানুন মেনে
চলতে হবে।

৩. রনির এ মনোভাবে কিসের প্রকাশ ঘটে?
- | | | | |
|----|--------------|----|----------------|
| ক. | স্বার্থত্যাগ | খ. | সহানুভূতিশীলতা |
| গ. | ন্যায়বোধ | ঘ. | আদর্শবোধ |
৪. দুই ছেলেদের মানসিকতায় যে পরিবর্তন ঘটতে পারে-
- i. হিংসা বিদ্বেষ দূর হওয়া
 - ii. নৈতিকতার উন্নয়ন ঘটা
 - iii. সহযোগিতার মনোভাব সৃষ্টি

নিচের কোনটি সঠিক?

- | | | | |
|----|--------|----|-------------|
| ক. | i | খ. | ii |
| গ. | i & ii | ঘ. | i, ii & iii |

সৃজনশীল প্রশ্ন

১. ৬ষ্ঠ শ্রেণির কনক যথাসময়ে ক্লাসে আসে। ক্লাস ভর হলে কনক প্রথম সারিতে বসে ক্লাস করছে। বিছুক্ষণ পর সাহিদা ঝালে চুকে দেখে প্রথম সারির বেতে জায়গা নেই। তখন সে কনকের ব্যাগটি ২য় সারির বেতের রেখে কনককে যেতে বলে। কনক প্রথমে অসন্তুষ্ট হলেও শ্রেণিতে সমস্যা সৃষ্টি হবে তেবে ২য় সারিতে চলে যায়। শ্রেণি শিক্ষক বিষয়টি লক করেন এবং বলেন, প্রত্যাকের পড়ালেখার সাথে সাথে উন্নত মানবীয় গুণাবলীর অধিকারী হওয়া উচিত।
- ক. মানবীয় আচরণ কাকে বলে?
- খ. দলগত খেলার মাধ্যমে মানবীয় গুণাবলীর সহজে বিকাশ লাভ করে কেন?
- গ. কনকের ব্যবহারে কোন ধরনের শিক্ষার প্রভাব দেখা যায়— ব্যাখ্যা কর।
- ঘ. শিক্ষকের বক্তব্যের আলোকে সাহিদার ব্যবহারকে মূল্যায়ন কর।
২. নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. মানুষ গাড়ির করিগর কে?
- খ. বড়দের গতি কিভাবে শুকাশীল হওয়া যায়— দুর্বিষ্ণু লিখ।
- গ. চিত্রে নির্দেশিত বালকটির আচরণ কোন ধরনের শিক্ষারকে নির্দেশ করে— ব্যাখ্যা কর।
- ঘ. বালকটির এই আচরণ সমাজে সকলের মাঝে সুসম্পর্ক তৈরিতে সহায়ক— আলোচনা কর।

ষষ্ঠ অধ্যায়

কৈশোরকালীন বিকাশ

পাঠ ১- শারীরিক বিকাশ

সাধারণত ১০/১১ বছর বা শৈশবের শেষ পর্যায়ের পর থেকে প্রাণ্ত বয়সের পূর্ব অর্ধাং ১৮ বছর পর্যন্ত কৈশোর কাল। এ বয়সকে বয়সসংক্ষিপ্ত বলা হয়ে থাকে।

কৈশোরে শিশু থেকে প্রাণ্ত বয়সে যাওয়ার জন্য ছেলে-মেয়েদের শরীরের মধ্যে কিছু পরিবর্তন দেখা যায়। এ পরিবর্তনের সময়কাল অভ্যন্তর সংক্ষিপ্ত ও দ্রুত। শারীরিক বিকাশ বলতে দেহের পরিবর্তন ও আকার-আকৃতির বৃদ্ধিকে বোঝায়। শারীরিক পরিবর্তনের কিছু সাধারণ বৈশিষ্ট্য যা সবার মধ্যে বিদ্যমান থাকে। এ সময় বছরে উচ্চতা ৭ থেকে ১৪/১৫ সেঁ মিঃ পর্যন্ত (৩ থেকে ৫/৬ ইঞ্চি পর্যন্ত) বাঢ়তে পারে। সাধারণত মেয়েরা ১৮/১৯ বছর পর্যন্ত এবং ছেলেরা ২০/২১ বছর পর্যন্ত উচ্চতায় বাঢ়তে থাকে। এ বয়সে তাদের ওজন বাঢ়লেও উচ্চতা বাড়ার জন্য তাদেরকে ফীগকার দেখায়। বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের পরিবর্তন হয়, ক্রমে ক্রমে বেড়ে শিশু থেকে পূর্ণ বয়কের আকার ধারণ করে। বয়সসংক্ষিপ্তে এমন কিছু পরিবর্তন ঘটে যার মাধ্যমে ছেলে এবং মেয়ে আলাদাভাবে চেনা যায়। ছেলেদের গোঁফ, দাঢ়ি উঠতে শুরু করে। গলার স্বর পরিবর্তন হয়। ক্রমতে এটা ভাঙা ভাঙা হয়ে স্বর মোটা হয়।

মেয়েদের প্রতি ২৮ দিন অন্তর অন্তর ক্ষত্রিয়ার হয়। এটি ৩ থেকে ৫ দিন, কারো কারো ক্ষেত্রে ৭ বা তার বেশি দিন চলতে পারে। আগে থেকে জানা না থাকলে এ পরিবর্তনে ভয় পাওয়া খুবই স্বাভাবিক। শারীরিক এই পরিবর্তন কারণ কারণ ক্ষেত্রে কৈশোর কাল ক্রমের সাথে সাথে না হয়ে ২/১ বছর আগে বা পরেও শুরু হতে পারে। এতে দুষ্পিক্ষার কোনো কারণ নেই, এটা অভ্যন্তর স্বাভাবিক। হঠাতে করে এ বয়সে যে পরিবর্তন হয়, তা জীবনের স্বাভাবিক চক্র।



বচতনসমিক্ষণে কিশোর



বয়সসমিক্ষণে কয়েকটি কিশোরী

কাজ- ১ বিগত ১ বছর সময়ে তোমার শারীরিক পরিবর্তনগুলো ছকে সজাও ।

সম্ভবকাল	ওজন	উচ্চতা	চেহারা	অন্যান্য
১ বছর পূর্বে				
বর্তমান বছরে				

পাঠ ২- কৈশোরের মানসিক বিকাশ

'মন' শব্দটি থেকে মানসিক শব্দটি এসেছে। শিশুরা উচ্চতায় বাঢ়ে, ওজনে বাঢ়ে। বয়স বাড়ার সাথে সাথে তারা কথা বলতে শেখে, মনে রাখতে পারে। আস্তে আস্তে দিন রাত্রির পার্থক্য বোঝে, এক ছান থেকে অন্য ছানের দূরত্ব করে তা বুঝতে পারে। আমাদের বুদ্ধি আছে বলেই আমরা কাজ করতে পারি। পরিবেশের সাথে থাপ থাওয়াতে পারি। এগুলো সবই মানসিক ক্ষমতা বা মানসিক বিকাশ। মানসিক বিকাশ বলতে শিশুর বিভিন্ন অঙ্গ- প্রত্যঙ্গের ব্যবহার, ভাষার প্রকাশ, চিন্তা শক্তি, বোঝার ক্ষমতা ইত্যাদি ক্ষেত্রে ধীরে ধীরে অধিক ক্ষমতা অর্জন বোঝায়।

কৈশোরে ছেলেমেয়েরা চিন্তা ও বিচার বৃদ্ধি দিয়ে সহস্যার সমাধান করতে পারে। যুক্তি দিয়ে চিন্তা করতে পারে। যুক্তি দিয়ে চিন্তা করাই মানসিক বিকাশের পরিপন্থ থাপ যা কৈশোর কালের ছেলেমেয়েরা অর্জন করে। এ বয়সে ছেলেমেয়েরা বিমূর্ত ধারণা অর্ধাৎ হেণ্টলো দেখা যায় না সেওলো বুঝতে পারে। যেহেন-সততা, সাহসিকতা, মার্যা-মমতা ইত্যাদি। যে ঘটনা বা বিষয়টি সামনে উপস্থিত নেই, কাগজে কলমে সেই সহস্যার সমাধান করতে পারে। যেহেন- জ্যামিতির সহস্য (সম্পাদন্য বা উপপাদ্য ইত্যাদি)। যুক্তি দিয়ে ধতামাত দিতে পারে। তাদের চিন্তা ও মনোবোগ বাঢ়ে। মনে রাখার ক্ষমতা, চিন্তা করার ক্ষমতা, যুক্তি দিয়ে বোঝার ক্ষমতা, ইত্যাদি মানসিক ক্ষমতা যার হত বেশি সে জীবনে তত বেশি এগিয়ে যেতে পারে। পরিবেশের সাথে সহজেই থাপ থাওয়াতে পারে।

কৈশোরে মানসিক ক্ষমতা বাড়ানোর কিছু উপায়-

- পাঠ্য বইয়ের পাশাপাশি বেশি বেশি বিভিন্ন ধরনের ভালো বই পড়া।
- কৌতুহল মেটানোর জন্য প্রশ্নের উত্তর খোঝা।
- অজ্ঞ নিয়ে কোনো কিছু শেনা এবং বোকা।
- মনে রাখার জন্য পরিকারভাবে সেখ এবং মনোযোগ দিয়ে শেনা।
- মুখচ করতে হলে বিষয়বস্তু আগে বুকে নেওয়া।
- নিজে বুকাতে সমস্যা হলে শিক্ষক বা ব্যাকন্ডের কাছ থেকে পরিকারভাবে বিষয়বস্তু বুকে নেওয়া।
- অন্য ছেলেমেয়েদের সাথে মেলামেশা করা ও ধারণার বিনিময় করা।
- বিভিন্ন কাজে অংশগ্রহণ করা।
- ঘাটে কলার পরীক্ষা করে দেওয়ার সুযোগ ধারকলে তা করা।
- দলীয় আলোচনার মধ্য দিয়ে নিজের কর্মীয় বুকে নেওয়া।
- আমাদের চারপাশের কোথায় কী ঘটছে তা জানার অভ্যন্তর থাকা ও জানা।

এভাবে চেষ্টা করলে তোমরা তোমাদের মানসিক ক্ষমতার উন্নতি করতে পারবে। তোমাদের সকলের জ্ঞান নকারার যে, শারীরিক ও মানসিক উভয় দিকের বিকাশ ছাড়া শিশু তথ্য মানুষের পরিপূর্ণ বিকাশ সম্ভব নয়।



কাজ- ১ তোমার মানসিক বিকাশকে নির্মেশ করে এমন কয়েকটি দক্ষতার তালিকা তৈরি কর।

পাঠ ৩- কৈশোরের আবেগ

আনন্দ রাগ, ভয়, ভালোবাসা, হাসি, কান্না আমাদের প্রতিদিনের সঙ্গী, যার নাম আবেগ। আবেগ ছাড়া মানুষ হয় না। রোবটের সাথে মানুষেই পার্থক্য এখানেই। রোবট মেশিনে তৈরি। মানুষের মতো সে সব পারে কিন্তু কোনো ঘটনায় হাসতে পারে না, ভয় পেয়ে পালাতে পারে না, রাগ করে চিন্তকার করে না। বাইরের কোনো ঘটনা যখন আমাদের মনে আলোড়ন সৃষ্টি করে, তখন আমরা হাসি, কঁদি, ভয় পাই, ঝোঁকি করি, রেগে যাই- এভলোই আবেগ।

আবেগের ধরন

আবেগের সহজ মন ও আচরণের পরিবর্তন হয়। ভয় পেলে আমাদের শরীরের লোম দাঢ়িয়ে যায়, হাত-পা ঠাণ্ডা হয়ে আসে, টেনশনে বুকের টিপ টিপ বেড়ে যায়, রাগে চোখ লাল হয়ে যায়, আনন্দে আমরা হাসি, কোনো দুর্ঘটনের ঘটনায় আমাদের কান্না পায়- এসবই আবেগের প্রকাশ। আবেগের দৃষ্টি ধরন আছে। যে আবেগ আনন্দয় পরিবেশ সৃষ্টি করে যেহেন- সুখ, আনন্দ, হাসি, সেহ-মহাতা ইত্যাদি। এ এরকম পরিবেশ আমরা চাই। এইভো ইতিবাচক আবেগ। অপরদিকে রাগ, ভয়, দুঃখ, ঝোঁকি ইত্যাদি আমরা গচ্ছ করি না, এগুলো দৃঢ়ের পরিবেশ সৃষ্টি করে। এই আবেগ হলো মেতিবাচক আবেগ।

আবেগের ক্ষতিকর দিক

অতিরিক্ত আবেগ আমাদের অনেক ক্ষতি করে। আবেগের কারণে নিজের প্রকাশ ভঙ্গ হচ্ছে। আবেগের কারণে নিজের প্রকাশ ভঙ্গ হচ্ছে যায়, মুখ বিচে যায়, হিস্ত পতর মতো দেখা যায়। অতিরিক্ত রাগে আচরণের পরিবর্তন হয়। অনেকে রাগে জিনিসপত্র ছুঁড়ে ফেলে, ভেংতে ফেলে, অন্যকে আঘাত করে ইত্যাদি। কোনো দুর্ঘজনক ঘটনায় আমাদের মন খারাপ হয়, পঢ়াশোনায় মনোযোগ আসে না, আমরা কঁদি, খাউয়া বন্ধ রাখি। ভয় পেলে আমাদের অস্ত্রিতা বাঢ়ে, স্বাভাবিক কাজকর্ম করতে পারি না, কথা বলতে তোকলাতে হয়, ঘাম হয়, হাত-পা কাপে। এগুলো সবই শরীরে ও মনের জন্য ক্ষতিকর। অতিরিক্ত আবেগ আমাদের জীবনে জটিলতা সৃষ্টি করে। আমাদের আচরণ হয় ভয়াবহ। সেখানে যুক্তি লোপ পায়।

কৈশোরে আবেগের অধিক থাকে। দৈহিক পরিবর্তনের জন্য আবেগের অসমতা দেখা যায়। নানা রকম দুষ্কষ্টা, অছিরতা কাজ করে। তোমার পরিবারের সদস্যদের আচরণে তোমার অনেক সময় অতিমান হয়, রাগ হয়। এগুলো এ বয়সের স্বাভাবিক বৈশিষ্ট্য। কিন্তু এগুলো আমাদের অনেক ক্ষতি করে।

অনেক সময় মন খারাপ থাকলে বা অতিরিক্ত দুষ্টিজ্ঞার পড়াশোনায় মনোবোগ দেওয়া যায় না, দূর আসে না, বমি থমি ভাব, পেটে ব্যথা, দৈনিক কাজে বাধা আসে। এ কারণে আবেগকে নিয়ন্ত্রণ করা দরকার।

আবেগ নিয়ন্ত্রণের উপায়- সন্ধ্যায় টিকি দেখছিল অনিক। বাবা হঠাতে টিকি বন্ধ করে দিলেন। বাবা রেসে গিয়ে বললেন, ভালো না লাগলে আর লেখাপড়ার দরকার নেই। বাবার কথায় তার খুব রাগ হলো। বই খাতা ছুঁচে ফেলে দিতে ইচ্ছা হলো। কিন্তু সে কিছুক্ষণে মধ্যে নিজেকে সামলে নিল। সে ঝুঁকি দিয়ে ভাবল- বাবা তো তার ভালো জন্মাই বলেছে। সন্ধ্যায় পড়ার সময় সে টিকি না দেখলেই প্রারত।

উপরের ঘটনায় অনিক আবেগকে নিয়ন্ত্রণ করল, সে ঘটনার ভালো দিকটা খুঁজে নেওয়ার চেষ্টা করল। এভাবে তোমরাও অতিরিক্ত আবেগ বা নেতৃত্বাত্মক আবেগকে নিয়ন্ত্রণ করার অভ্যাস করতে পার। আবেগ নিয়ন্ত্রণে করলীয় বিধানগুলো-

- যে কোনো ঘটনার ভালো দিকটা খুঁজে পেতে শেখা।
- জটিল অবস্থা মেনে নেওয়ার অভ্যাস তৈরি করা।
- হতাশাকে প্রশ্নয় না দেওয়া।
- দলগতভাবে কোনো কাজে বা খেলাখুলায় অংশ নেওয়া।
- যেসব বিষয়ে রাগ হয়, ভয় হয়, সেগুলো যেন তৈরি না হয়, তার চেষ্টা করা ও সে সব ঘটনা এড়িয়ে যাওয়া।
- মা-বাবা, বন্ধুদের সাথে নিজেদের সহস্যা খেলাখেলাভাবে আলোচনা করা।



দৃঢ়ব্যবস্থক ঘটনায় আমাদের মন খারাপ হয়

কাজ-১ গত কিন্তু নিম্নের মধ্যে ঘটে যাওয়া আবেগ - জনিত কোনো ঘটনার বিবরণ দাও। এতে তোমার প্রতিক্রিয়া কিন্তু ছিল? তোমার প্রতিক্রিয়া সঠিক না হল ছিল- তা ঝুঁকি সহকারে লিখ।

পাঠ ৪- কৈশোরের সামাজিক বিকাশ

বয়স বাড়ার সাথে সাথে আমাদের আচরণ বদলায়। আমাদের চারপাশের মানুষ আমাদের কাছে বয়সানুযায়ী সঠিক আচরণ আশা করে। সামাজিক বিকাশ হলো বয়সানুযায়ী আচরণ করতে শেখা। যেহেন- সকলের সাথে মেলাবেশা করা। সমবয়সীদের সাথে খেলা, বয়সের সম্মান করা, ছেটদের দেহ করা ইত্যাদি। একে অপরকে সাহায্য করা, সহানুভূতি দেখানো, ভাগভাগি করতে শেখা, ভালো কাজে অংগুহিশ করা, নিয়ম মেনে চলতে শেখা ইত্যাদি সবই গ্রহণযোগ্য সামাজিক আচরণের মধ্যে পড়ে। অপর পক্ষে হেতুলো গ্রহণযোগ্য সামাজিক আচরণের মধ্যে পড়ে না সেগুলো হলো- কঁগড়া করা, মারামারি করা বা আক্রমণধর্মী আচরণ করা, গালিগালাজ করা, নিজেকে নিয়ে ব্যস্ত থাকা বা ব্যর্থপরতা ইত্যাদি।



কৈশোরে পরিবারের বাইরে সামাজিক পরিবেশ হলো- কূলের সহপাঠী ও প্রতিবেশী বন্ধু দল

কৈশোরে সমবয়সী দলের আচরণ ঐ বয়সের ছেলে-মেয়েদের আচরণে যথেষ্ট প্রভাব ফেলে। এ সময়ে পরিবারের বাইরে অন্যতম সামাজিক পরিবেশ হলো, কূলের সহপাঠী ও প্রতিবেশী ছেলেমেয়েরা। কৈশোরে ছেলেমেয়েরা দলের প্রতি অনুগত থাকে, দলের মতো হওয়ার চেষ্টা করে। সঙ্গী দলের কাছে সে তার মনের ভাব ব্যক্ত করে। ব্যক্তিগত গোপন বিষয়গুলো পরিবারের চেয়ে বড়দের কাছে বলতে পছন্দ করে। এভাবে কয়েকজনকে নিয়ে একটি ঘনিষ্ঠ বন্ধু দল তৈরি হয়। কৈশোরে বড়দের সঙ্গে মিশে তাদের মধ্যে অনেক ভালো আচরণ গড়ে উঠতে পারে। বন্ধু দল যে আচরণ পছন্দ করে সেই আচরণ তারা করতে আগ্রহী হয়। যেহেন- পড়াশোনায় প্রতিযোগিতা করা, শিক্ষকের নির্দেশ মানা, একসাথে খেলাখুলা করা ইত্যাদি।

कैशोरे भालो दले मिशे हेलेमेहेरा की की शेखे?



आवार बहु दलेर उठाहे तारा अनेक कुकिपूर्त काजेओ भय पाय ना । येमन- परीष्मामुलकतावे विडि, निगारेट पान, यादक द्रुवा ग्रहण, कूल पालानो, बयक्सदेर विरोधिता करा इत्यादि । यदि केउ आचरणात्मलो ना करे तबे ताके ब्यंग द्विप करा हय, ए दले थाकते हले ए आचरणात्मलो येने निते ताके बाध्य करा हय । एजन्य कैशोरे बहु निर्वाचने अनेक सावधान हाते हय ।

एवार जेने नाओ कैशोरे सामाजिक हउयार जन्य की की करवीया-

- सकलेर साथे कूपल विनिमय करा
- एका एका निजेके कृतिये ना राखा
- विभिन्न काजे अंश नेवडा, खेलाधुलाया अंश नेवडा
- सकलेर साथे कावारांडी चालिये याओरार अभ्यास करा
- बयक्सदेर सम्मान करा, तादेर निर्देश मेने छला
- छोटदेर आदर, झेह करा ।

काज- १ ठुमि मे बहु दले खेलामेशा कर, सोटिके भालो दल बला याय कियु युक्ति मेथाओ । ए दले मिशे ठुमि की की आचरण शिखेह, ता लिख ।

काज- २ तोमार परिचित कोनो खाराप दल सम्पर्केर लिख । तारा की धरनेर काज करे एवं तादेर जन्य तोमार परामर्श लिख ।

পাঠ ৫- কৈশোরের নৈতিক বিকাশ

নৈতিকতা বলতে আমরা সামাজিক ও ধর্মীয় নীতি অনুসরণ করাকে বুঝি। এখানে ভালো বা খারাপ কাজের জন্য নিজেকেই দায়ী করা হয়। ভালো কাজ করলে যেমন মনে তৃষ্ণি আসে, খারাপ কাজ করলে তেমনি নিজের কাছে অনুশোচনা হয়। সত্য বললে ভালো লাগে, যিন্ত্যা বললে অপরাধবোধ হয়। অর্থাৎ নৈতিকতা হলো নিজের আচরণকে নিজেই নিয়ন্ত্রণ করা।

মানুষের জীবনে নৈতিকতা হঠাতে করে আসে না। নৈতিকতার বিকাশে সীর্ষ সময়ের প্রয়োজন হয়। শিশু অবস্থায় পরিবার থেকে ভুল ও সঠিক আচরণের ধারণা তৈরি হয়। মা-বাবা, ভাই-বোন, পরিবারের অন্যান্য সদস্যরা হে কাজ করতে নিয়েছে করেন, সেটা খারাপ কাজ এবং হে কাজ করলে খুশি হব বা অশ্রদ্ধা করেন, সেটা ভালো কাজ। এভাবে ভালো ও মন্দ কাজের ধারণা তৈরি হয়। নৈতিক বিকাশের প্রথম দিকে শিশু শাস্তির ভয়ে অন্যায় আচরণ থেকে বিরত থাকে। শিশু কালোর নৈতিকতাকে অনেকটা বাধ্যতামূলক নৈতিকতা বলা হয়। কিন্তু কৈশোরে ভালো ও মন্দের নিয়ম ধারণা তৈরি হয়। এ যথে ভয় উত্তির কারণে তারা ভালো কাজ করে না বরং ভালো কাজ নিজের ইচ্ছেতেই করে। মুক্তি দিয়ে কাজটি কেন ভালো বা কাজটি কেন খারাপ— তা বিচার করার ক্ষমতা হয়। মাৰা নীতিবাল হয়, তাদের মধ্যে খারাপ কাজের জন্য অনুশোচনা হয়। আবার অন্যের সামনে লজ্জা পেতে হবে জেনেও খারাপ কাজ থেকে অনেকে বিরত থাকে।

নৈতিকতা বিকাশে নিয়মানুসূর্তিতার গুরুত্ব অনেক বেশি। ছোটবেলো থেকে নিয়ম ঘটতো চলার মধ্য দিয়ে আমরা ভালো অভ্যাস তৈরি করতে পারি। নিয়ম মানার মধ্য দিয়ে কোনটি করা উচিত, কোনটি করা উচিত নয়— তা জানা যায়। বাড়িতে মা-বাবা, স্কুলে শিক্ষকেরা তোমাদেরকে নিয়মনীতি মেনে চলতে অনেক সাহায্য করেন। তাদের আদেশ, নিয়ে তোমাদের ভালো অভ্যাস তৈরি করতে, অন্যায় আচরণ থেকে দূরে রাখতে সাহায্য করে। কোনো কাজ কেন ভালো বা কেন খারাপ— শিক্ষকেরা এটা মুক্তিয়ে দিলে সঠিক আচরণ করা সহজ হয়। কৈশোরে শারীরিক শাস্তি ছেলেমেয়েদের মনে বিরোধ জাগিয়ে তোলে। ছেলেমেয়েরা যখন জানে, তাদের সাথে অন্যায় করা হয়েছে তখন তাদের মধ্যে অনেক সময় ভঙ্গ করার পৌক বেশি হয়। এ যথে ভালো কাজের জন্য শিক্ষক ও অভিভাবকদের অশ্রদ্ধা তাদেরকে ভালো কাজে উৎসাহিত করে।

কৈশোরে বছুদের সাথে মেলাহেশা তার আচরণে গ্রহণ কেলে। অনেক সময় খারাপ আচরণ বছুদলে সমাদৃত হয়। আবার দলীল সদস্যদের খারাপ আচরণ লক্ষ করে তারাও খারাপ কাজ করতে শেখে। দলে নিজের মর্যাদা রাখার জন্য এ ধরনের আচরণ খারাপ জেনেও করে। এজন্য কৈশোরে ও কী ধরনের বছুর সাথে মেলাহেশা করছে – সেটা জানা খুবই জরুরি।

এসো কৈশোরের কিছু খারাপ আচরণ সম্পর্কে জানি এবং এগুলো থেকে সতর্ক ও সাবধান থাকি।

গৃহে খারাপ আচরণ	বিদ্যুলয়ে খারাপ আচরণ
<ul style="list-style-type: none"> ● ভাই-বোন একে অপরের সাথে ঝগড়া ও মারামারি করা। ● বয়স্কদের সাথে কড়া সুরে কথা বলা। ● দৈনন্দিন কাজ নিয়ে গাফিলতি করা। ● সার্যাকৃত উপক্ষেক করা। ● যিথ্যাক্ত বলা। ● অন্যকে দোষাবোপ করা। ● কাঠো জিনিস নষ্ট করা, চুরি করা। 	<ul style="list-style-type: none"> ● সহপাঠীদের কিছু চুরি করা। ● মিথ্যা বলা। ● ধোকা দেওয়া বা ঠকানো। ● ঠাণ্ডা করে অন্যকে বিরক্ত করা। ● সহপাঠীর সাথে মারামারি করা, গালি দেওয়া। ● কুলের জিনিস নষ্ট করা। ● কুল পালানো। ● ধূমপান অথবা মাদক দ্রব্য দেবন করা।

কাজ-১ তোমার গৃহে তুমি কী কী ভালো আচরণ কর, তার একটি তালিকা তৈরি কর।

অনুশীলনী

বহুনির্বাচনি প্রশ্ন

১. যেয়েরা কত বছুর বয়স পর্যন্ত উচ্চতায় বাঢ়ে?

ক. ১৮/১৯

খ. ২০/২১

গ. ২২/২৩

ঘ. ২৪/২৫

২. কোনটি নেতৃত্বাত্মক আবেগ?

ক. ভালোবাসা

খ. হাসি

গ. দুঃখ

ঘ. দ্রেহ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ত নং ও ৮ নং প্রশ্নের উত্তর দাও

আবিরের বয়স ১৩ বছর। তার মা লক্ষ করলেন কেনাকাটা করতে গেলে আবির টাকা পরসার হিসাব রাখতে পারে না। কোনো জিনিসের ওজন বুঝতে পারে না। তার পাঠ্য বিষয়গুলো সে যুক্তি দিয়ে বুঝতে পারে না। আবার পড়া ভালোভাবে মনেও রাখতে পারে না।

৩. আবিরের কোন ধরনের বিকাশ তালোতাবে হয়নি?

- | | | | |
|----|---------|----|--------|
| ক. | শারীরিক | খ. | মানসিক |
| গ. | সামাজিক | ঘ. | নৈতিক |

৪. পড়াশোনায় তালো করার জন্য আবিরের দরকার-

- i. মৃৎস্থ করার আগে ঝুঁকে দেওয়া
- ii. পাঠ্য বইয়ের পাশাপাশি বিভিন্ন ধরনের বই পড়া
- iii. পরিষ্কারভাবে দেখা ও মনোযোগ দিয়ে শোনা

নিচের কোনটি সঠিক?

- | | | | |
|----|---------|----|-------------|
| ক. | i ও ii | খ. | ii ও iii |
| গ. | i ও iii | ঘ. | i, ii ও iii |

সূজনশীল প্রশ্ন

১. রাগীর এবার খুঁটি পড়ছে। ক্লাসে সহপাঠীদের বাড়ির কাজ ঝুঁকিয়ে দেওয়া, দলীয় কাজে সহযোগিতা করা, বন্ধুদের বিপদে সাহায্য করা ইত্যাদি কাজে রাগীর সবার আগে এসিয়ে আসে। এ কারণে ক্লাসে সবাই তাকে পছন্দ করে।

- ক. ছেলেরা কত বছর বয়স পর্যন্ত উচ্চতায় বাঢ়ে?
- খ. মানসিক বিকাশ বলতে কী বুকায়?
- গ. রাগীরের আচরণে কোন ধরনের বিকাশ লক্ষ করা যায়? ব্যাখ্যা কর।
- ঘ. বিভিন্ন দলে হিলে কাজ করার মাধ্যমে রাগীরের হতো চরিত্রের অধিকারী হওয়া যায় এ বিষয়ে তুমি কি একমত? উত্তরের সপ্তকে মুক্তি দাও।

২. সাজু এবার খুঁটি পড়ছে। কিছুদিন ধরে তার মা লক্ষ করছেন সে ছোট বোনের সাথে সারাদিন ঘুগড়া মারামারি করে। পড়তে বসতে বললে রেঁপে যায়। জিনিসপত্র ছোড়ালুড়ি করে করে।

- ক. কৈশোর কালের বয়সনীয়া কত?
- খ. নৈতিক বিকাশ বলতে কী বুকায়?
- গ. সাজুর আচরণে কিসের বৈশিষ্ট্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর।
- ঘ. সাজুর আচরণ-কিশোর-কিশোরীয়া কিভাবে এ ধরনের আচরণের পরিবর্তন ঘটাতে পারে ঝুঁকিয়ে লিখ।

সপ্তম অধ্যায়

কৈশোরকালীন পরিবর্তন ও নিজের নিরাপত্তা রক্ষা

পাঠ ১- কৈশোরকালীন পরিবর্তনে ব্যক্তিগত সচেতনতা ও পরিচ্ছন্নতা

বয়সসংক্ষিপ্ত একটি সংক্ষিপ্ত সময়। এই সংক্ষিপ্ত সময়ে দ্রুত শারীরিক পরিবর্তনের সাথে সাথে দেহ, মন ও আচরণেরও পরিবর্তন হয়। এ সময় দেহের দ্রুত বৃদ্ধির জন্য অতিরিক্ত খাদ্য শক্তির প্রয়োজন হয়। পৃষ্ঠামান সম্পন্ন পর্যাপ্ত খাদ্যের অভাবে পৃষ্ঠামানতা দেখা দিতে পারে। সহজেই ফ্রাঙ্কি বোধ হয়। এ জন্য এ সময় সব ব্যক্তির খাবার ঘর্ষণে পরিমাণে হেতু হবে। যেয়েদের এ বয়সে রক্তাঞ্চলা হতে পারে। সৌহ জাতীয় খাবার রক্তাঞ্চলা দূর করতে সাহায্য করে।

শারীরিক পরিবর্তন বা কৃতৃপ্তাৰ তত্ত্ব প্রথমদিকে অনেকের পেটে ব্যাধি, মাথা ধরা, পিঠে ব্যাধি ইত্যাদি বিভিন্ন অসুবিধা দেখা দিতে পারে। এগুলো খুব স্বাভাবিক। তবে অতিরিক্ত অসুবিধা দেখা দিলে চিকিৎসাকের পরামর্শ নেওয়া জরুরি। কৃতৃপ্তাৰ চলাকালীন সময়ে খেলাধূলাসহ সব কাজই করা যায় তবে তারী জিনিস তোলা, বহন করা বা অতিরিক্ত পরিশ্রমের কাজ করা উচিত নয়।

কৈশোরে শারীরিক পরিবর্তনের জন্য হলে যেো উভয়েই মধ্যে কিছু বিশুল্বল আচরণ দেখা দিতে পারে। যেোরা তাদের দৈহিক পরিবর্তন অন্যরা দেখে বিৰূপ হন্তব্য করতে পারে বলে ডয়ে থাকে। দেহের পরিবর্তন বেশি তোখে পড়ে বলে যেোরা অনেক সহজে সামনে ঝুকে হাঁটে। উপর্যুক্ত পোশাক পরিধান কৰলে এ সংকোচ দূর করা যায়। হেলেদের পৌঁছ-নাড়ি ও গলার স্তর পরিবর্তনে অনেক সময় সকলের সামনে আসতে লজ্জাবোধ করে। এই পরিবর্তন সম্পর্কে পূর্ব প্রস্তুতি থাকলে এবং তা সহজ ও স্বাভাবিকভাবে যেনে নিলে হেলে-যেোদের লজ্জা, তয়, সংকোচ থাকে না।



উপর্যুক্ত পোশাকে কিশোরী

সুতি এবাব খণ্ডে উল্লিখে উল্লিখে। সে খালার ব্যাড়িত থেকে দেখাপড়া করে। এ বয়সের অনেক সমস্যা সম্পর্কে তার খালার কাছে জানতে ইচ্ছে করে। কিন্তু খোলামেলা জিজ্ঞাসা করতে পারে না। কেমন একটা বিধা, সংকোচ তার মধ্যে কাজ করে। এটা বয়সসংক্ষিপ্তদের একটি সাধারণ ঘটনা। সুতির মতো অনেকেই বাবা-মামে বা বড়দের কাছে সমস্যা নিয়ে খোলামেলা প্রশ্ন করতে পারে না। কিন্তু সব সময় মনে তাৰ্খবে-এই সময়ের যে কোনো সমস্যায় মা-বাবা, বড় ভাই-বোন, শিশুক বা নির্ভরযোগ্য যে কোনো ব্যক্তির পরামর্শই তোমাদের দুষ্পাত্তা দূর করবে।

পরিচ্ছন্নতা

শাস্ত্র রচনার জন্য আমাদের পরিকার পরিচ্ছন্ন থাকা বিশেষ জরুরি। শারীরিক পরিচ্ছন্নতায় মনও প্রযুক্ত থাকে। ব্যাসলক্ষণে ঢুকের নিচে বগলের এছি থেকে বেশি ঘাম নিঃস্বরূপ হয়। এজন্য নিয়মিত গোসল করা, পরিকার পোশাক পরা উচিত। মেয়েদের ঝাতুন্দ্রাবের সময় করলীয়-

- পরিকার কাপড়ের ন্যাপকিন বা প্যাড ব্যবহার করা।
- কাপড় ব্যবহার করলে সেটা ভালোভাবে পরিকার করে রোদে তকানো।
- কাপড় অঙ্কুর সংযোগস্থে জায়গায় না রাখা, এতে রোগ জীবাণু সংক্রমণের আশংকা থাকে।
- ব্যবহৃত কাপড় বা প্যাড ডিজে গেলে সঙ্গে সঙ্গে তা বদলে ফেলা। বেশিক্ষণ ভেজা অবস্থায় ধোকলে নানা রকম সংক্রমণের আশংকা থাকে।
- ব্যবহৃত কাপড় বা প্যাড কাগজে জড়িয়ে ডাস্টবিনে ফেলা বা মাটিতে পুঁতে ফেলা বা পুড়িয়ে ফেলা।

কাজ-১ তৈপোরে ব্যক্তিগত পরিচ্ছন্নতার জন্য কী কী করবে— তার একটি তালিকা কর।

পাঠ ২- নিজের নিরাপত্তা রক্ষা করতে শেখা

সুস্থিতারে বেড়ে ওঠার জন্য দরকার নিরাপদ পরিবেশ। এর অভাবে ছেলে-মেয়েদের প্রায়ই বিপদের সম্মুখীন হতে হয়। একটু সতর্ক থাকলেই আমরা এসব বিপদ থেকে নিজেকে রক্ষা করতে পারি।

আমরা অনেক সহজ খবরের কাগজে ছেলেমেয়েদের হারানো খবর, বিভিন্ন ধরনের নির্যাতন ও বিপদে পত্তার খবর জানতে পারি। এর মধ্যে বিভিন্ন ব্যাসের শিশু-কিশোরদের দেশের বাইরে পাচার হয়ে যাওয়ার খবর অন্যতম। সেখানে তাদেরকে দিয়ে গৃহের কাজ থেকে শুরু করে উটের জকি, মেষ চরানো, নানা ধরনের অবেদ ও ঝুঁকিপূর্ণ কাজ করানো হয়। একটি অগ্রাহী চক্র ছেট ছেলে-মেয়েদের বিদেশে বিক্রি করে দিয়ে অর্থ উপার্জন করে। এদের থেকে আমাদের প্রত্যেককেই সতর্ক থাকতে হবে।

অনেক সময় অপরিচিত বাড়ি তোমার আঁচ্ছিয়া সেজে এমনভাবে কথা বলতে পারে যে, তাদের প্রলোভনে তোমাদেরও ক্ষতি হয়ে যায়। এজন্য কুলে যাতায়াত, অন্যান্য চলাকেবায় খুব সতর্ক থাকা দরকার। তোমার নিজের নিরাপত্তার জন্য নিচের বিষয়গুলো মনে রাখা জরুরি।

- দূরে কোথাও একা একা না যাওয়া।
- অপরিচিত কারও সাথে কোথাও না যাওয়া।
- অপরিচিতদের কাছ থেকে খাবার না খাওয়া।
- অপরিচিতদের কাছ থেকে কোনো জিনিস না নেওয়া।
- তাদের যে কোনো রকম প্রলোভনে না ভোলা।

অনেক সময় বাবা-মাকে বিদেশে ভালো চাকরির বা অর্থের লোভ দেখিয়ে কিশোর-কিশোরীকে নিয়ে যাওয়া হয়। এভাবে কিশোর-কিশোরীকে তারা পাচার করে ফেলে। পরিবার থেকে তারা হয় তির বিছিন্ন। এটা অত্যন্ত বিপজ্জনক। তোমাদের মা-বাবা, প্রতিবেশী, হোট ভাইবোন এবং বন্ধুরা যেন এসব বিষয়ে সজাগ থাকে সে জন্য তোমরা তাদেরকে সতর্ক করবে।

আমরা অনেক সময় বাজারে কেনাকাটার জন্য যাই। ইদ, পৃজা বা বিভিন্ন উৎসবের আগে বাজারে পড়ুর ভিড় থাকে। এই ভিড়ের মধ্যে আমাদের বিভিন্ন প্রকার অবস্থিক পরিষ্কৃতির মধ্যে পড়তে হয়। এর মধ্যে উচ্চবয়োগী হলো মেয়েদের শরীরের বিভিন্ন স্থানে খারাপ স্পর্শ বা হাত দেওয়া। বাঢ়িতে কোনো পরিচিত বা অপরিচিত ব্যক্তি কোনো মেয়েকে একা পেলে কিংবা খেলার মাঠে পাঢ়ার কোনো বড় ছেলে এরকম খারাপ স্পর্শ করতে পারে। বাবা-মাদের অজানে মরে এবং বাইরে এ ধরনের সমস্যার সুষ্ঠি হচ্ছে। এ সকল সমস্যার কথা মেয়েরা কারো কাছে প্রকাশ করতে পারে না। চুপচাপ হয়ে যাব, তা ও লজ্জায় নিজেরাই কষ্ট পেতে থাকে। এ ধরনের ঘটনায় কখনই চুপ করে থাকা বা একা কষ্ট পাওয়া উচিত নয়। কারণ এখানে মেয়েটির কোনো দোষ থাকে না। যে এ কাজটি করেছে, সেই অভ্যাস করেছে।



শিশুকে পাচারের উদ্দেশ্যে মাকে প্রলোভন দেখানো হচ্ছে

এ ধরনের পরিষ্কৃতিতে যাতে পড়তে না হয়, তার জন্য সতর্ক থাকতে হবে। নিজের নিরাপত্তার কথা নিজেই চিন্তা করবে। নিজেকে নিরাপদ রাখার ক্ষেত্র উল্লেখ-

- অতিগ্রিষ্ঠ ভিড়ের মধ্যে না যাওয়া।
- পরিচিত ও অপরিচিত পরিবেশে একা না যাওয়া।
- খুব কাছের আলোচ্য স্থল হাত্তা অন্য কারো সাথে একা না যাওয়া।
- বাঢ়িতে একা না থাকা।
- কেউ কাছে ডাকলে কয়েক হাত দূরে থাকা।
- গারে, পিঠে হাত দিতে পারে, এরকম সুযোগ না দেওয়া।
- খারাপ, অঙ্গীল আলোচনা করে, এমন বন্ধু-বান্ধব এড়িয়ে চলা বা বর্জন করা।

তৃষ্ণি ছেলে হলে অনেক সময় ছেলে সহপাত্নী তোমার শরীরের বিভিন্ন স্থানে হাত দিয়ে তোমাকে বিরক্ত করতে পারে। সে ক্ষেত্রে তাকে এড়িয়ে যাওয়া এবং তাকে প্রত্যাখ্যান করতে হবে। এসব বিষয়ে মা-বাবা, পরিবারের বড় সদস্য এমনকি প্রযোজনে শিক্ষকেও জানানো যেতে পারে। সকল বিষয়ে এদেরকে সবচেয়ে কাছের বন্ধু ভাববে। তবেই তৃষ্ণি তোমার মনের অঙ্গীরতা, কঠ সহজেই দূর করতে পারবে।

কাজ- ২. প্রচার সাহায্য দেকে জানা এমন কোনো অপহরণের ঘটনা লিখ। শিক্ষকের ডাক্তাবধানে তা ক্লাসে উপস্থাপন কর।

অনুশীলনী

বহুনির্বাচনি প্রশ্ন

১. কোন ধরনের খাবার রক্তসংক্রান্তি দূর করতে সাহায্য করে?

ক.	খনিজ লবণ	খ.	পৌহজাতীয়
গ.	আয়োডিন	ঘ.	থায়ারিন বি-১

২. বয়ঃসনিক্রিয়ের একটি সাধারণ ঘটনা-

ক.	বোলারুপি কুমা বলা	খ.	বিধা, সংকোচ করা
গ.	স্বাভাবিক আচরণ দেখানো	ঘ.	খাদ্য প্রহণ স্বাভাবিক থাকে

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ নং ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :

১২. বছর বয়সী দুরস্ত চক্ষু কৃতি স্বৈরের বাজারে, বিভিন্ন অনুষ্ঠানের ভিত্তে যেতে চায় না। এসব জায়গায় যেতে সে লজ্জা ও ভয় পায়।

৩. কৃতি বিভিন্ন ভিত্তের অনুষ্ঠানে যেতে না চাওয়ার কারণ-

ক.	কামেলা মনে করা	খ.	ধারাপ স্পর্শ
গ.	ভিড় অপছন্দ করা	ঘ.	পরিচিত সঙ্গ পরিহ্যন্ত করা

৪. উক্ত পরিচিতিতে কৃতির করণীয়-
 - i. নিকট জনের সাথে আলোচনা করা
 - ii. নিজের নিরাপত্তা নিশ্চিত করা
 - iii. চুপচাপ হয়ে যাওয়া

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii

খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

সূজনশীল প্রশ্ন

১. হাসি-ঘুষি নীলা হঠাৎ করে কেমন হেন চৃপচাপ হয়ে গেছে। সব সময়ে ঘরে থাকে কারো সাথে বেশি কথা বলে না। খাবারেও তেমন আগ্রহ নেই। নীলার এ অবস্থা দেখে মা মেয়ের সাথে খোলামেলো কথা বলার চেষ্টা করেন। নীলার মা নীলাকে তার শারীরিক অবস্থা নুকাতে গেলে নীলা প্রথমে সংকোচ বোধ করলেও ধীরে ধীরে মায়ের সাথে স্বাভাবিক হয়ে আসে।

ক. কখন দেহের দ্রুত বৃদ্ধির জন্য অতিরিক্ত খাদ্য প্রক্রিয়া প্রয়োজন হয়?

খ. পুষ্টিমানসম্পন্ন পর্যাপ্ত খাদ্যের অভাবে পুষ্টিশীলতা হ্রাস- বৃদ্ধিয়ে বল।

গ. নীলার আচরণিক পরিবর্তনের কারণ- ব্যাখ্যা কর

ঘ. নীলার মায়ের দুমিকা নীলাকে স্বাভাবিক আচরণে অভ্যন্তর করবে- বক্তব্যটির সংফৰ্শে ঘৃতি দাও।

২. বৃদ্ধুল যিয়া রসুলগুরুর গ্রামের অসহায় ও অর্থহীন বিনু ও মিনুকে ভালো বেতনে চাকরি দিবেন বলে বিদেশে পাঠান। পরবর্তীতে ১২-১৪ বছরের শাস্তা ও শিমুকে বিদেশে চাকরি দিবেন বলে তার সাথে চাকার যাওয়ার জন্য বৃক্ষাতে থাকে। একদিন শাস্তা পেপারে দেখতে পায় বিনু ও মিনুর ছবি- বেআইনিভাবে বিদেশে যাওয়ার জন্য তাদের প্রেক্ষণ করা হয়েছে। সে কুন্দলের কাছে চাকরির কাগজপত্র দেখতে চায় এবং পরিবারকে বিষয়টি জানায়।

ক. সুস্থভাবে বেড়ে উঠার জন্য কী দরকার?

খ. কৈশোরে ব্যক্তিগত পরিচ্ছন্নতা কী বৃদ্ধিয়ে লিখ?

গ. কোন ধরনের জানের অভাবে বিনু ও মিনুর এ অবস্থা- ব্যাখ্যা কর।

ঘ. শাস্তা ও শিমুর সিকাঙ্গুটি কতখানি মৌক্কিক- বিশ্লেষণ কর।

গ বিভাগ

খাদ্য ও খাদ্য ব্যবহারণা

খাদ্য, পুষ্টি ও বাহ্য পরম্পর সম্পর্কীয়। খাদ্যের কাজ, উপাদান ও উৎস সম্পর্কে মেনে সঠিক খাদ্যাভ্যাস গঠনের মাধ্যমে আমরা সুস্থায় রক্ষা করতে পারি। পরিকার পরিচ্ছন্ন পরিবেশে খাদ্য এবং আহার নিশ্চিত করতে হবে। এছাড়া তোজাল ও অক্তিকর রক্ষক পদার্থকৃত খাদ্য থেকে বিরুদ্ধ থাকতে হবে। কাজেই সুস্থায়ের জন্য খাদ্য ও খাদ্য ব্যবহারণা সম্পর্কে জ্ঞান আবশ্যিক।



এই বিভাগ শেষে আমরা—

- খাদ্য, পুষ্টি ও বাহ্যের ধারণা ব্যাখ্যা করতে পারব।
- খাদ্য, পুষ্টি, বাহ্য ও পরিচ্ছন্নতার প্রারম্ভিক সম্পর্ক ব্যাখ্যা করতে পারব।
- খাদ্যের কাজ, উপাদান ও উৎস ব্যাখ্যা করতে পারব।
- খাদ্যের পুষ্টিমান এবং সুস্থ খাদ্যের ক্ষমতা ব্যাখ্যা করতে পারব।
- সঠিক খাদ্য নির্বাচনে অঘৃষ্ণী হতে পারব।
- খাদ্য এহালে আত্ম ধারণা ও কুকুল সম্পর্কে জানতে পারব।
- খাদ্য রক্ষক পদার্থ ব্যবহারের অক্তিকর গুভার, তোজাল খাদ্য ও ফাস্ট মুচের অপকারিতা বিশ্লেষণ করতে পারব।
- বিকল খাদ্য সম্পর্কে ধারণা সাত করতে পারব।
- বাহ্য রক্ষার শারীরিক শ্রম ও ব্যায়ামের জুড়িকা সম্পর্কে ধারণা সাত করব।

অষ্টম অধ্যায়

খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্য

পাঠ ১- খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্য

খাদ্য- পৃথিবীতে বেঁচে থাকার জন্য সব প্রাণীরই খাদ্য অপরিহার্য। আমরা প্রতিদিন নানা রকমের খাবার খাই। মানুষ সবকিছু খাদ্য হিসাবে গ্রহণ করতে পারে না। মানুষের জন্য খাদ্য সেইসব বস্তু যেগুলো মানুষ গ্রহণ করার পর পরিপাক করতে পারে এবং যা শরীরে বিভিন্ন কাজ সম্পন্ন করে থাকে। অর্থাৎ যে সকল বস্তু গ্রহণের ফলে মানুষের দেহের পুষ্টি সাধন হয় তাকে খাদ্য বলে। আমাদের শরীরের গঠনের কাঁচামাল হচ্ছে খাদ্য। নিচের ছকের মাধ্যমে খাদ্য কী তা আরও ভালোভাবে বুঝতে পারি।

<ul style="list-style-type: none"> কৃধা নিয়ন্ত করে শরীরের ক্ষয়পুরণ ও বৃক্ষি সাধন করে 	<ul style="list-style-type: none"> শরীরের অভ্যন্তরীণ তিলাঙ্গলো নিয়ন্ত্রণ করে শরীরকে সুস্থ সরবল ও কর্মক্ষম রাখে শরীরের তাপশক্তি উৎপাদন করে
--	---

পুষ্টি- দেহে খাদ্যদ্রব্য শোষণের পর তা বিভিন্ন কাজ করে থাকে। যেমন- কৃধা নিয়ন্ত করে তাপ ও শক্তি উৎপাদন করে, দেহের বৃক্ষির জন্য নতুন কোষ তৈরি করে, দেহের ক্ষয়ঙ্গল কোষের পুনর্গঠন করে, রোগপ্রতিরোধ করে শরীর সুস্থ সরবল ও কর্মক্ষম রাখে। এই প্রক্রিয়াটিই হচ্ছে পুষ্টি।

স্বাস্থ্য- আমরা সকলেই জানি- ‘স্বাস্থ্যই সকল সুখের মূল।’ অনেক সময় আমরা ভালো স্বাস্থ্য বলতে যোটা হওয়াকে এবং আরাপ স্বাস্থ্য বলতে পাতলা শরীরকে বুঝি। কিন্তু কোনো মানুষের শুধুমাত্র যোটা বা চিকন শরীর দেখে স্বাস্থ্যের অবস্থা বোকা খুবই কঠিন। কারণ অনেক সময় দেখা যায় যে, শরীর যোটা কিন্তু তার স্বাভাবিক কাজ করার ক্ষমতা খুবই কম। সে অস্ত পরিশৃঙ্খলেই ইঁপিয়ে ওঠে এবং কাজে উৎসাহ পায় না। কারো সাথে তার চেহারা মালিন থাকে। ঠিকমতো ঘূম হয় না। গ্রায়ই নানা ধরনের অসুখে আক্রান্ত হয়। কারো সাথে

সহজে মিশতে পারে না এবং কোনো কিছুই তার ভালো লাগে না। খাব্যের সাথে অনেকগুলো বিষয় অঙ্গীকৃত। বেদন- টেক্সটিক অবস্থা, কর্মক্ষমতা, মাসিক অবস্থা, রোগ প্রতিরোধ করার ক্ষমতা ইত্যাদি। বিষয় খাব্য সহজের মতে- “রোগবাদি বা সূর্বলতা সূক্ষ্ম শারীরিক, মাসিক এবং সামাজিকভাবে সম্পূর্ণ সংক্ষেপের সূক্ষ্ম অবস্থাই খাব্য।”


একজন খাব্যবান ব্যক্তির মধ্যে নিম্নলিখিত লক্ষণগুলো দেখা যাবে-

- (১) শরীর সূস্পষ্ট হবে ও ব্যাড়াবিক কাজ করার মতো সর্বেষী শক্তি থাকবে।
- (২) শরীরের ওজন সঠিক থাকবে।
- (৩) ঘন সবসময় প্রকৃত থাকবে ও কাজে উৎসাহ থাকবে।
- (৪) রোগ প্রতিরোধের ব্যাড়াবিক ক্ষমতা থাকবে। অর্থাৎ ঘন ঘন রোগে আক্রান্ত হবে না।
- (৫) ফুক মস্তুণ হবে। চুল উচ্চল ও চকচকে দেখাবে।
- (৬) নিয়মিত সূম ও মল-সূম ঝাঁপের অভ্যাস থাকবে।

ক্ষেত্র- ১ তোমার মধ্যে খাব্যবান ব্যক্তির কোন কোন লক্ষণ বিদ্যমান আছে তা সিদ্ধ।

পাঠ ২- খাদ্য, পুষ্টি ও খাব্যের সম্পর্ক

খাদ্য এবং পুষ্টির সাথে সেহের পুষ্টির সম্পর্ক গতীয়। আমরা একটু সক্ষ করলে সেখতে পাই যে, মানুষ হাতি বেশ কিছুলি কিছুক্ষেত্রে খাদ্য এবং পুষ্টি করতে না পারে তা হলে তাসের শরীর থেকে শরীরে সূর্বল হতে থাকে, রোগ প্রতিরোধ করার ক্ষমতা কমে যাব, শরীর বিভিন্ন রোগে আক্রান্ত হব, মধ্যে শক্তি কমে যাব।



বিভিন্ন পুষ্টিকর খাদ্য শরীর সূক্ষ্ম রাখতে সাহায্য করে

এক কথায় বলা যায় যে, অপৃষ্ঠি দেখা যায় এবং এই অবস্থা নীর্খনিন ধরে চলতে থাকলে মৃত্যু পর্যবেক্ষ হতে পারে। আবার প্রয়োজনের চাইতে বেশি খাদ্য গ্রহণ করলে অতিপৃষ্ঠি দেখা যায়, যেমন— শ্রীরের ওজন বেশি বেড়ে যায়। বিভিন্ন ধরনের রোগ যেমন— উচ্চ রক্তচাপ, দানরোগ, ডায়াবেটিস ইত্যাদি রোগে আক্রান্ত হওয়ার প্রবণতা বেড়ে যায়। অন্য নিকে সঠিক পরিমাণে পৃষ্ঠিকর খাদ্য গ্রহণের ফলে দেহের যথাযথ পৃষ্ঠি অবস্থা বজায় থাকে।

